ii. MCML has been maintaining necessary preparation to help the local people near its factory in the urgent calls during the natural disasters. During the natural disasters – Sidor and Aila, this company had extended its cooperation to the distressed people with medicines, dry food items, warm clothes, saline water removal from ponds, installation of deep tube well for drinking water to the saline-water prone local people around Mongla area and also extended financial assistances.

iii. It has donated to the campaign to upheld the spirit of the liberation war and welfare to the freedom fighters and Birangonas.

iv. It has donated for the treatment of patients of cleft-lip, cataract, cancer, leprosy and heart disease.

v. It has donated for the treatment to the Acid victims and burn injuries in different incidents.

vi. It has donated considerable quantity of education materials, multi-media and photo copiers to different educational institutes;

vii. It has been sponsoring 'Sheikh Russel Krira Chakra Ltd.', a leading national level sports club. Under the sponsorship of MCML the Club has been providing and conducting training programs for sportsmen and players of different disciplines.

viii. It has been allowing scholarships to the poor meritorious students of different areas.

Acknowledgments

The Board of Directors of Meghna Cement Mills Ltd. is indebted to its customers for their excellent cooperation, support and having their confidence on us and for keeping the "King Brand" as their preferred list. We hope and believe that their support would continue during the coming days too.

The Members of Board of Directors would like to express their special thanks and gratitude to all the well-wishers, patrons and valued shareholders, for extending their commendable support, co-operation and patronage to this company without which we could not achieve our objectives.

We, all in the Board of Directors of this company, express our warmest regards and gratitude to the banking and non-banking financial institutions including Dutch Bangla Bank Ltd., Southeast Bank Ltd., First Security Islami Bank Ltd., IFIC Bank Ltd., Shahjalal Islami Bank Ltd., AB Bank Ltd., Mutual Trust Bank Ltd., Agrani Bank Ltd., Bank Asia Ltd., Janata Bank Ltd., BASIC Bank Ltd., Dhaka Bank Ltd., Trust Bank Ltd., Farmers' Bank Ltd., Islami Bank Bangladesh Ltd., Mercantile Bank Ltd., Pubali Bank Ltd., National Bank Ltd., NCC Bank Ltd., Social Islami Bank Ltd., Standard Bank Ltd., Union Bank Ltd., United Commercial Bank Ltd., IDCOL, Bangladesh Securities and Exchange Commission (BSEC), DSE, CSE, RJSC, BOI, MoC and various other government and semi-government agencies for their continued support and cooperation towards this company during the FY 2017-2018.

The Board of Directors would also extending its appreciation and gratitude to the management of this company for their concentrated efforts excellent teamwork and to all the employees of this company for their dedication, efforts and services for which this company could accomplish its goals and objectives.

Conclusion

This company is positioned in a very sensitive sector of this country – cement sector, wherein the consumers are very sensitive to commodity price and quality conscious as well. And for business operation in this sector, the competitive price is not the sole factor, it also requires building of the consumers' confidence. Our company has been running in a very competitive market condition wherein there are 126nos. of cement companies and about half of those are in operation and most of which are producing almost same quality of products.

Despite these, this sector has a potential to grow for next few years as some big infrastructural construction and urbanization drives have been undertaken in the public as well as public-private partnerships in this country.

The domestic consumer segment, who are 60% of this sector, have been facing various odds in consequence to inflation, lower foreign remittances and increase of the living costs etc. which affected the demand for cement in domestic constructions and residential houses. The industrial construction were also slowed down due to various reasons including lesser disbursement of capital/funds, higher cost of capital machineries, increase of fuel and electricity, frequent dollar price fluctuations having adverse effect on import costs, increase of raw materials' prices and the lower demand for construction materials had affected adversely to the growth of this particular sector during the year under review.

However, we have engaged our all out efforts to stand and face those odds and overcome the adversity hold and increase the market share to further extent in the coming years and trying to convert the adversity into opportunity with the cooperation of our consumers and stakeholders.

Dear Honourable Members,

You are indeed very knowledgeable and aware that the image of a business organisation is very important for its success - in business, trade and operations. And you are also aware that the cement sector has been playing a pivotal role in the economy of Bangladesh which is in the transformation stage as an under developed country. This is noteworthy to let you know that we have engaged our every efforts and concentrations to generate new options, ideas and trying to bring those in our way for the satisfactions to our customers and users with special care and preferences. In our mind it is always been kept that in every business operation there shall have serious competitions and only the fittest would come out successful. Throughout our long journey in this small but eventful and competitive business scenario we engaged our every efforts to bring the positive result for our real owners and stakeholders and to protect their interest.

We are also concerned as to keep up our hard earned image high and uncompromised to our products' quality maintenance issue for which we are acclaimed. And we kept our keen observations as to be vigilant in discharging our duties, responsibilities and in providing all our services more effectively, efficiently and result oriented manner as to attain sustainable success and marching forward.

It is our privilege that in our endeavors we got support and cooperation from our members, patrons and stakeholders during the period under review. We are hopeful and determined that if the support and cooperation from our respected members, stakeholders, patrons and wide range of customers are continued then no odds shall obstruct our journey and we shall come out successful in the long run.

Thanking you all.

On behalf of the Board of Directors



Ahmed Akbar Sobhan

Chairman

AMARSTOCK



পরিচালকমন্ডলীর প্রতিবেদন

কোম্পানীর পরিচালক মন্ডলীর প্রতিবেদন

সম্মানিত সদস্যবৃন্দ,

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহ্‌মাতুল্লাহ্‌।

মেঘনা সিমেন্ট মিলস্ লিমিটেডের পরিচালকমন্ডলীর পক্ষ থেকে আমি আপনাদের প্রিয় প্রতিষ্ঠান মেঘনা সিমেন্ট মিলস লিঃ - এর ২৬তম বার্ষিক প্রতিবেদন আপনাদের নিকট পেশ করতে পেরে সম্মানিত বোধ করছি।

অত্র সঙ্গে, আমি আপনাদের সদয় বিবেচনা, গ্রহণ ও প্রয়োজনীয় অনুমোদনের জন্য বিগত ৩০শে জুন ২০১৮ইং তারিখে সমাপ্ত অত্র কোম্পানীর আর্থিক বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী, নিরীক্ষক ও পরিচালকমন্ডলীর এতদসংক্রান্ত প্রতিবেদন, নিরীক্ষা কমিটি, নমিনেশান ও রেমুনারেশন কমিটি সমূহের প্রতিবেদন সমূহ এবং প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিপালন সংক্রান্ত প্রতিবেদন ও তৎসংক্রান্ত সার্টিফিকেশন এতদসঙ্গে উপস্থাপন করছি।

দেশের অর্থনীতির সার্বিক চিত্র ও সিমেন্ট খাত

আমাদের প্রিয় মাতৃভুমি - বাংলাদেশ বেশ দ্রুততার সাথে বিভিন্ন ক্ষেত্রে ও খাতে উল্লেখযোগ্য অগ্রগতি ও প্রবৃদ্ধি অর্জন করেছে। বিগত দুইযুগ ধরে এদেশের অর্থনীতি বার্ষিক প্রায় ৬% গড় হারে প্রবৃদ্ধি অর্জন করেছে। যদিও এ সময়ে দেশ সামাজিক-অর্থনৈতিক বিভিন্ন সমস্যা ও বাধার সম্মুখীন হয়েছে। পাশাপাশি সার্বিক উন্নয়নের গতিধারা আরো নানাবিধ বিষয় দেশীয় ও বৈদেশিক প্রভাবে বাধাগ্রস্থ হয়েছে। এতদসত্বেও এদেশে দারিদ্র্যের হার উল্লেখযোগ্য ভাবে হ্রাস, সাক্ষরতার হার ও মান বৃদ্ধি, মাথাপিছু গড় আয় বৃদ্ধি, দেশের জনগণের গড় আয়ু বৃদ্ধি, দেশের মাথাপিছু খাদ্য-উৎপাদনের পরিমাণ উল্লেখযোগ্য হারে প্রবৃদ্ধি ইত্যাদি উন্নয়ণের মান বিবেচনার বিভিন্ন মানদন্ডে প্রশংসনীয় অগ্রগতি অর্জন করতে সক্ষম হয়েছে। যার ফলশ্রুতিতে বাংলাদেশ এখন একটি "aspiring tiger economy" হিসাবে বিবেচিত হচ্ছে। যা অন্যান্য বিধায় উন্নয়নশীল দেশগুলির নিকট এদেশ একটি অনুকরণীয় দৃষ্টান্ত হিসাবে বিবেচিত হচ্ছে। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে ক্রমঅগ্রগতি অব্যহত রাখার যে ধারা বিদ্যমান তার ফলশ্রুতিতে বাংলাদেশ একটি নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসাবে স্বীকৃতি পেতে চলেছে। অর্থনৈতিক গতিধারার ক্রমঅগ্রগতির ফলে দেশের সার্বিক উৎপাদন বেড়েছে। নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরী হয়েছে, দেশে শক্তি ও জ্বালানী, উন্নততর যোগাযোগ ব্যবস্থা ও প্রয়োজনীয় সুযোগ সুবিধা সম্পন্ন নগরায়নের প্রতি আগ্রহ ও বিনিয়োগের পরিবেশ সৃষ্টি হয়েছে। যা যে কোন টেকসই উন্নয়নের গতিধারাকে অব্যহত রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ও আশাব্যঞ্জকও বটে। এতদসত্ত্বেও এদেশের ভৌত অবকাঠামোগত উন্নয়ণ, কর্মসংস্থান ও বিনিয়োগের জন্য আরোও অধিক সুযোগ সৃষ্টি ও তার ক্ষেত্র প্রসারণ, সামাজিক ভারসাম্য অর্জন, শিল্প বা পণ্যসেবার প্রসারণ, উৎপাদন বৃদ্ধি, শিল্প-বাণিজ্যের পরিবেশে সার্বিক ইতিবাচক পরিবর্তন ইত্যাদি নানাবিধ বিষয়ে আরো সাফল্য অর্জন করা অতীব প্রয়োজন। পরিবর্তিত বৈশ্বিক ব্যবস্থায় বাংলাদেশ এখন গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে রয়েছে। এমতাবস্থায় এদেশে সঠিক, দীর্ঘমেয়াদী ও বাস্তবানুগ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ণ ও তা যথাযথভাবে বাস্তবায়ন করা একান্ত প্রয়োজন। অর্জিত অগ্রগতির ধারাকে অব্যাহত রেখে সার্বিক উন্নয়নের মাধ্যমে একটি মধ্যম আয়ের দেশ হিসাবে স্বীকৃতি লাভের বিষয়টি তরান্বিত করা সম্ভব হবে। এছাড়া দেশে শিল্প-বান্ধব পরিবেশ ও পরিস্থিতি, বাস্তবানুগ দীর্ঘমেয়াদী শিল্প বান্ধব নীতিমালা অনুসরণ ও তা অব্যহত রাখা, নির্ভরযোগ্য, সাশ্রয়ী শক্তি ও জ্বালানীর ব্যবস্থা নিশ্চিত করা, দ্রুত অবকাঠামোগত উন্নয়ন সম্পন্ন করা, ক্রমবর্ধমান নগরায়নের গতিধারাকে উৎসাহ প্রদান, প্রাকৃতিক পরিবেশ সুরক্ষা ও পরিবেশ পরিবর্তনের বিরূপ প্রভাবকে এড়ানো, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা ও দুর্যোগ পরবর্তী পুণর্বাসন দ্রুত সম্পাদন করার মত নানাবিধ প্রয়োজনীয় বিষয়ে দীর্ঘমেয়াদী ও বাস্তবানুগ পরিকল্পনা ও তা বাস্তবায়ন করার ব্যবস্থা রাখার নীতি প্রনয়ণ ও গ্রহণ করার প্রয়োজনীয়তা রয়েছে।

সাম্প্রতিক সময়ে দেশে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর চাহিদা ও এর ব্যবহারের ক্ষেত্রে ক্রমঅগ্রগতির ধারা দৃশ্যমান রয়েছে। যা মূলত: আবাসিক, বাসস্থান ও বাণিজ্যিক স্থাপনা সমূহের নির্মাণের কারণে ঘটেছে। যার ফলে দেশে সিমেন্ট ও নির্মাণ ক্ষেত্রে প্রয়োজনীয় বিবিধ সামগ্রীর উল্লেখযোগ্য চাহিদা সৃষ্টি হয়েছে। ক্রমবর্ধমান অবকাঠামোগত উন্নয়ন ও দ্রুত নগরায়নের গতিধারার সাথে তাল মিলিয়ে অন্যান্য খাতের পাশাপাশি এদেশের সিমেন্ট ও নির্মাণ সামগ্রী উৎপাদনে নিয়োজিত শিল্পখাতেরও বিকাশ ঘটেছে। উল্লেখ্য, বিগত বিংশ শতাব্দীর ৯০ দশকের সূচনালগ্নে এদেশে বেসরকারি খাতে সিমেন্ট শিল্পের দৃশ্যমান অগ্রগতির ধারার সূত্রপাত হয়। এ দেশের সার্বিক অগ্রগতির সাথে সাথে দেশীয় বাজারে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীরও ব্যাপক চাহিদা পরিলক্ষিত হওয়ায় দেশে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীখাতে বেসরকারী পর্যায়ে বৃহদায়তন শিল্পে বিনিয়োগের প্রবনতা সূচিত হয়। এদেশীয় বাজারের সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর চাহিদা বিদেশ থেকে আমদানির মাধ্যমে ইতিপূর্বে মিটানো হতো। বাংলাদেশের সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর বাজার সমগ্র বিশ্বের মধ্যে ৪০তম বলে স্বীকৃত । চাহিদার সাথে তাল মিলিয়ে এদেশে সিমেন্ট ও নির্মাণ সামগ্রী উৎপাদন প্রক্রিয়ার ধারাবাহিক উন্নয়নের ফলশ্রুতিতে এদেশ ইতিমধ্যে সিমেন্টের উৎপাদন খাতে স্বনির্ভরতা অর্জন করতে পেরেছে। পাশাপাশি বিদেশেও এ দেশীয় সিমেন্ট সামগ্রী রপ্তানী শুরুর মাধ্যমে এর বৈদেশিক বাজার সৃষ্টির ধারা শুরু হয়েছে ।

পরিবর্তিত বিশ্ব পরিস্থিতির কারণে বাংলাদেশকে দেশীয় পন্য রপ্তানী সহ যাবতীয় ব্যবসা ও বাণিজ্যের ক্ষেত্রে অসম প্রতিযোগিতা, ব্রেক্সিটের নেতিবাচক প্রভাব, বৈদেশিক মুদ্রার অন্ত:প্রবাহে ক্রমগত হ্রাস প্রভৃতি নানাবিধ প্রতিকূলতা মোকাবেলা করতে হচ্ছে। বাংলাদেশের " ভিশন ২০২১"-কে সামনে রেখে উন্নয়নের যে ধারার পরিকল্পনা রয়েছে তার সাথে রপ্তানী ক্ষেত্রে প্রবৃদ্ধির নিবিড়

সম্পৃক্ততা রয়েছে । এদেশের ব্যক্তি পর্যায়ে আবাসন খাতের চাহিদার অন্যতম ক্ষেত্র হলো বিদেশে কর্মরত বাংলাদেশীদের প্রেরিত বিপুল পরিমান বৈদেশিক মুদ্রার অন্তঃপ্রবাহ। এর ফলশ্রুতিতে গ্রাম ও শহর অঞ্চলে ব্যক্তি পর্যায়ে আবাসন ও ভৌত অবকাঠামোগত ব্যাপক উন্নয়নের ধারা সৃষ্টি হয়েছিল। মধ্যপ্রাচ্যের দেশগুলিতে বিগত কয়েক বৎসর যাবত দেশীয় জনশক্তি রপ্তানী ক্রমগত ভাবে হ্রাস পাওয়ায় ও নতুন নতুন কর্মসংস্থান আশানুরূপভাবে বৃদ্ধি না পাওয়ায় বৈদেশিক মুদ্রা অর্জন ও এদেশে তা প্রেরণের ক্ষেত্রে আশংকাজনক নিম্নমুখী প্রবনতা বিরাজমান রয়েছে । বেসরকারী আবাসন খাতে বিশেষতঃ সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর চাহিদার ক্ষেত্রে এ সকল বিষয়গুলি নেতিবাচক প্রভাব ফেলেছে।

সিমেন্ট শিল্প একটি বৃহৎ পুঁজি-নির্ভর বৃহদায়তন ভারী শিল্প, যা ভোক্তাদের চাহিদা ও পণ্যের সরবরাহের উপর সার্বিকভাবে নির্ভরশীল। দেশের সরকারী ও বেসরকারী পর্যায়ে ভৌত অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পুনঃনির্মাণের গতির সাথে সিমেন্ট ও নির্মান সামগ্রীর চাহিদাও নিবিড় ভাবে সম্পৃক্ত। সাম্প্রতিক সমীক্ষায় দেখা যায় যে, সিমেন্টের মতো ভারী শিল্পজাত পন্যের ক্ষেত্রে চক্রাকার চাহিদা বিদ্যমান। সিমেন্টের চাহিদা ভৌত অবকাঠামোগত উন্নয়ণ ও বাস্তবায়নের সাথে সরাসরি সম্পৃক্ত। শিল্প এবং আবাসিক গৃহ নির্মাণ খাতে ও ভৌত অবকাঠামোর উন্নয়ন ও বাস্তবায়নে সিমেন্ট প্রধানতম অনুষঙ্গ। নির্মাণখাত এককভাবে গড়ে এদেশের জিডিপিতে ৮-৯% অবদান রেখে চলেছে। এদেশের জিডিপিতে আবাসিক খাতের ৬.৫ -৭% অবদান রয়েছে। বিগত একযুগে এ দুটি খাত দেশের জিডিপিতে যথাক্রমে ১২.৫% ও ৮.৫% অবদান রাখতে সক্ষম হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য আর্থিক বৎসরে এদেশের জিডিপির পরিমাণ প্রায় ৭% বলে জানা গেছে। এদেশের সিমেন্ট শিল্পখাতের একটি বিশেষ বৈশিষ্ট্য হলো, যখন ভৌত অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পুনঃনির্মাণ কার্যক্রম গতিময় থাকে সে সময় সিমেন্টের চাহিদাও ক্রমবৃদ্ধির ধারায় থাকে। বিপরীতক্রমে ভৌত অবকাঠামোগত উন্নয়ণ, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পুনঃনির্মাণ কার্যক্রম বাধাগ্রস্থ হলে সিমেন্টসহ নির্মাণ শিল্পে প্রয়োজনীয় সামগ্রীর চাহিদাও উল্লেখযোগ্য হারে হ্রাস পায়। আমাদের দেশের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য দেশের নগর ও গ্রাম উভয় পর্যায়ে ভৌত অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মান ও পূণ:নির্মান একক ও বৃহদায়তন আবাসিক ও বানিজ্যিক প্রকল্প প্রভৃতি খাতের সম্বনিত উন্নয়ন ও বাস্তবায়নের ধারা অব্যহত রাখার প্রয়োজনীয়তা রয়েছে।

বাজার প্রতিযোগীতা

শিল্প-বাণিজ্য ক্ষেত্রের প্রতিটি খাতকেই প্রতিযোগীতার সম্মুখীন হতে হয় এবং প্রতিযোগীরাও যথেষ্ট তৎপর ও সক্রিয়। প্রতিযোগীদের সম্পর্কে বাস্তব ধারনা, প্রতিযোগীতার বিষয়কে নিয়মিত পর্যবেক্ষন ও যথাসময়ে তা মোকাবেলা করা গেলে একটি তীব্র প্রতিযোগীতামূলক বাজারেও টিকে থাকা সম্ভবপর হয়। উল্লেখ্য যে, এদেশের সিমেন্ট শিল্পের বাজার একটি তীব্র প্রতিযোগীতাপূর্ণ বাজার।

বাংলাদেশের বেসরকারি খাতে ১৯৯৪ সালের পূর্বে কোন বেসরকারী সিমেন্ট শিল্প-কারখানা ছিল না। বেসরকারি খাতে সিমেন্ট শিল্প স্থাপনে সরকারী বিভিন্ন ধরনের উৎসাহ ও প্রণোদনার ফলে এ খাতে উল্লেখযোগ্য সংখ্যক বেসরকারী উদ্যোক্তাগণ শিল্পস্থাপনের জন্য উৎসাহিত হন। বেসরকারি খাতে সিমেন্ট শিল্প স্থাপনের প্রারম্ভলগ্নে মেঘনা সিমেন্ট মিলস লিঃ স্থাপন ও এর বাণিজ্যিক যাত্রা শুরু করে। সিমেন্ট শিল্প স্থাপনে গতিসঞ্চারের ধারাবাহিকতায় পরবর্তী এক দশকের মধ্যে এদেশে বেসরকারি খাতে বিপুল সংখ্যক সিমেন্ট শিল্প-কারখানা স্থাপিত হয়।

বর্তমান সময়েও এ প্রক্রিয়াটি অব্যাহত রয়েছে। যার ফলে এ দেশের বেসরকারি খাতে সিমেন্ট শিল্প-কারখানার সার্বিক উৎপাদন সক্ষমতা দেশীয় বাজারে সিমেন্ট ও নির্মাণ সামগ্রীর বার্ষিক মোট চাহিদার তুলনায় অনেক গুন বেশী বলে বিভিন্ন প্রতিবেদনে প্রকাশিত হয়েছে। এদেশের সিমেন্টের চাহিদা অভ্যন্তরীন ভৌত অবকাঠামোগত বিনির্মাণের সাথে অত্যন্ত নিবিড়ভাবে সম্পৃক্ত। দেশের ভৌত অবকাঠামোগত উন্নয়নের ধারা যখন অব্যাহত থাকে সেসময় সিমেন্টের চাহিদাও উত্তরোত্তর বৃদ্ধি পায়। সিমেন্টের সার্বিক চাহিদা বৎসরের বিভিন্ন মৌসুমে অবকাঠামোগত উন্নয়ন খাতের কাজের গতি ধারার হ্রাস বা বৃদ্ধির সাথে উল্লেখযোগ্য হারে হ্রাস বা বৃদ্ধি পায়।

সিমেন্ট উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল হলো ক্লিংকার, জিপ্সাম, ফ্লাই এ্যাশ, আয়রণ স্ল্যাগ ইত্যাদি। এদেশের সিমেন্ট উৎপাদন শিল্পে ব্যবহৃত কাঁচামাল সমূহের প্রাপ্যতার ব্যাপক ঘাটতি রয়েছে। উক্ত ঘাটতির কারণে এ দেশের সিমেন্ট উৎপাদনকারীগণকে প্রয়োজনীয় শিল্প কাঁচামাল প্রায় সম্পূর্ণটাই বিদেশ হতে আমদানী করতে হয়। দেশে উল্লেখযোগ্য সংখ্যক সিমেন্ট উৎপাদনকারীগণ আধুনিক প্রযুক্তিতে গুণ-মানসম্পন্ন সিমেন্ট সামগ্রী উৎপাদন করছেন। দেশীয় বাজারে মানসম্পন্ন সিমেন্টের বিরাট অংকের চাহিদাও রয়েছে। পাশাপাশি বৈদেশিক বাজারেও এ দেশের আধুনিক প্রযুক্তিতে উৎপাদিত মানসম্পন্ন সিমেন্টের চাহিদা রয়েছে।

বর্তমানে এদেশে সিমেন্ট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানগুলির সংখ্যা ১২৬টিরও বেশী। যার মধ্যে ৪৬টি সিমেন্ট কারখানা তাদের উৎপাদন কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এর পাশাপাশি সিমেন্ট সেক্টরে বেশ কয়েকটি বহুজাতিক বৃহদায়তন সিমেন্ট উৎপাদানকারী শিল্প প্রতিষ্ঠানও রয়েছে। যার ফলশ্রুতিতে দেশের সিমেন্ট উৎপাদনে নিয়োজিত শিল্প-প্রতিষ্ঠানগুলির মোট বার্ষিক উৎপাদন সক্ষমতা এদেশের সিমেন্টের বর্তমান বার্ষিক চাহিদার তুলনায় অনেক বেশী। সাম্প্রতিক এক জরিপে জানা যায় যে, দেশের সকল সিমেন্ট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানগুলির সম্মিলিত ভাবে সিমেন্ট উৎপাদন সক্ষমতা প্রায় ৪৫ মিলিয়ন মেট্রিক টন।

আর এ দেশের সিমেন্ট ভোক্তাদের বার্ষিক মোট চাহিদা হলো প্রায় ২১ মিলিয়ন মেট্রিক টন। উল্লেখ্য যে, আলোচ্য আর্থিক বৎসরে এ দেশের সিমেন্ট খাত ১৮% প্রবৃদ্ধি অর্জন করেছে।

এদেশের সিমেন্ট বাজারের প্রধানতম বৈশিষ্ট্য হলো এর চাহিদা মৌসুম নির্ভর ও ব্যক্তিপর্যায়ে জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমানের স্বল্পতা। যার ফলশ্রুতিতে স্বল্পমেয়াদে এদেশের সিমেন্ট সেক্টরের মিল-কারখানাগুলির বার্ষিক মোট উৎপাদন সক্ষমতার পূর্ণ সদ্ব্যবহার করা সম্ভবপর হচ্ছে না। অবশ্য দেশের বৃহদায়তন কয়েকটি উচ্চাভিলাষী বিনির্মাণ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ সরকারী পর্যায়ে নেয়ার ফলে এ দেশের সিমেন্ট উৎপাদনকারী শিল্প-কারখানার উৎপাদন সক্ষমতার একটি বড় অংশ সেখানে ব্যবহৃত হবার সুযোগ তৈরী হয়েছে।

বিপণন ব্যবস্থাপনা (Marketing Environment)

একটি সুষম বিপনন ব্যবস্থাপনা কার্যক্রম যে কোন শিল্প-বাণিজ্যিক প্রতিষ্ঠানের ভোক্তা ও ক্রেতাসহ সংশ্লিষ্ট সকল পক্ষগুলির মধ্যে যোগসূত্রের ধারা বজায় রেখে তাদের চাহিদা, রুচি ও ভোক্তাদের নিকট যথা সময়ে তা সরবরাহ ইত্যাদি বিষয়গুলির মাধ্যমে সম্পন্ন করা হয়। বাজার উন্নয়ন একটি বহুমুখী কার্যক্রম হিসাবে বিবেচিত। যেখানে নানামুখী কর্মধারার সমন্বয় ঘটানো হয়ে থাকে। যার ফলশ্রুতিতে পণ্য বিক্রয় বৃদ্ধি, ভোক্তাদের পণ্য সর্ম্পকে সম্যক ধারণা প্রদান এবং পণ্য সংগ্রহ ও ক্রয়ের ক্ষেত্রে ভোক্তাদের অযথা সময়ক্ষেপণ হ্রাস ইত্যাদি ক্ষেত্রে এর প্রভাব পড়ে থাকে। ফলে উৎপাদকগণ নির্বিঘ্নে তাদের পণ্য উৎপাদন করার পাশাপাশি স্বল্প উৎপাদনী ব্যয়ে অধিক পরিমানে পণ্য উৎপাদন ও সরবরাহ করতে সক্ষম হয়। কার্যকর বিপণন ব্যবস্থার আরেকটি সুবিধা হলো ভোক্তাদের নিকট পণ্য পৌঁছানোর ক্ষেত্রে বাজারের বিভিন্ন স্তরের মধ্যবর্তী ব্যবসায়ীদের সাথে প্রয়োজনীয় যোগাযোগ সুষ্ঠুভাবে স্থাপন ও রক্ষা করা ও তা উত্তোরোত্তর বৃদ্ধি ঘটানো। পণ্যের মান ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়গুলি যথাসময়ে ভোক্তাদেরকে অবগত করার মাধ্যমে তাদের নিকট তা দ্রুত পৌছানো সম্ভবপর হয়। ফলে পণ্যের গুনগতমান, উৎকর্ষ ও প্রকৃতি সর্ম্পকে ভোক্তাদেরকে সম্যক অবগত হবার পাশিপাশি দ্রুত সরবরাহ ও করা যায়।

মেঘনা সিমেন্ট মিলস লিঃ - এর পণ্য বিপণন কার্যক্রমে বিভিন্ন ধরনের প্রনোদণামূলক বিষয়ের পাশাপাশি নতুন নতুন সৃষ্টিশীল বিষয়কে যুক্ত করা হয়ে থাকে। ফলে পণ্য বিপণনের স্বার্থে ও পণ্য বাজার সম্প্রসারণের লক্ষ্যে ভোক্তা ও বিক্রেতা পর্যায়ে বিবিধ প্রচারকার্য অত্র কোম্পানী চালিয়ে আসছে। বিজ্ঞাপন, ব্যক্তিগত পর্যায়ে বিপণন, প্রশিক্ষণ, অভিজ্ঞতা বিনিময়, নির্মাণ শিল্পের শ্রমিক ও পেশাজীবদের সাথে মতবিনিময়, গণ যোগাযোগ, ভোক্তাদের নিকট সরাসরি বিপণনের মত বিষয়গুলির মাধ্যমে অত্র কোম্পানীর বিপণনের ধারা পরিচালিত হয়ে থাকে।

উৎপাদন ও শিল্পের কাঁচামাল সরবরাহ

সিমেন্ট উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত কাঁচামালসমূহ ভারী পন্য হিসেবে পরিচিত। এর পাশাপাশি সিমেন্ট উৎপাদনের কাঁচামাল যথেষ্ট সংবেদনশীলও বটে। শক্তিশালী ও ভালোমানের সিমেন্ট তৈরীর জন্য প্রয়োজন ভালো মানের ক্লিংকার সামগ্রী। বাংলাদেশের স্বল্পসংখ্যক সিমেন্ট উৎপাদনকারী শিল্পপ্রতিষ্ঠানেরই নিজস্ব সূত্রে ক্লিংকার সংস্থান করার মতো সক্ষমতা রয়েছে। সিমেন্ট উৎপাদনের ক্ষেত্রে যদিও বর্তমানে আমাদের এদেশ দৃশ্যতঃ স্বয়ংসর্ম্পূণতা অর্জন করেছে কিন্তু এ দেশীয় সিমেন্ট শিল্পের প্রধান দুর্বল দিক হলো দেশীয় পর্যায়ে সিমেন্ট শিল্প-কারখানার কাঁচামাল তথা ক্লিংকারের বিপুল ঘাটতি। এদেশীয় ৮০% সিমেন্ট উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানগুলি তাদের সিমেন্ট উৎপাদনের জন্য প্রয়োজনীয় কাচাঁমালের চাহিদা বিদেশ হতে আমদানীর মাধ্যমে পূরন করে থাকে। প্রতিবছর আমাদের দেশে ১৫ মিলিয়ন মেট্রিক টন হতে ২০ মিলিয়ন মেট্রিক টন ক্লিংকার এবং লাইমষ্টোন আমদানী করা হয়ে থাকে। বাংলাদেশে প্রায় সকল ধরনের খনিজ সম্পদের অপ্রতুলতার কারণে সিমেন্টের জন্য প্রয়োজনীয় ক্লিংকারসহ অন্যান্য কাচাঁমাল তথা উপকরণসমূহ চীন, হংকং, ভারত, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, জাপান, কোরিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন প্রভৃতি বিভিন্ন দেশ হতে আমদানী করতে হয়। বাংলাদেশ বিশ্বের সবচেয়ে বড় সিমেন্ট উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল তথা ক্লিংকারসহ ও অন্যান্য দ্রব্যসমূহের আমদানীকারক দেশ। এদেশে সিমেন্ট উৎপাদনে ব্যবহার্য কাঁচামালের পর্যাপ্ত প্রাকৃতিক উৎস না থাকার কারনে উক্ত কাঁচামালের প্রায় ৮৫% বিদেশ হতে আমদানী করার প্রয়োজন হয়। সিমেন্ট শিল্প-কারখানায় ব্যবহার্য কাঁচামালের মধ্যে রয়েছে ক্লিংকার, জিপসাম, ফ্লাই অ্যাশ, আয়রন স্ল্যাগ ইত্যাদি যা পাশ্ববর্তী দেশ ভারতসহ ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, জাপান, কোরিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন প্রভৃতি দেশ হতে আনা হয়। আন্তর্জাতিক বাজারে সিমেন্ট শিল্পে ব্যবহার্য কাঁচামালের মূল্যের হ্রাস-বৃদ্ধির যে কোন প্রভাব প্রায় সঙ্গে সঙ্গে এদেশীয় সিমেন্ট বাজারের উপর প্রত্যক্ষভাবে পড়ে থাকে। আন্তর্জাতিক বাজারে সিমেন্ট শিল্পে ব্যবহার্য কাঁচামালের মূল্যের ধারাবাহিকতা না থাকায় আলোচ্য ২০১৭-২০১৮ ইং আর্থিক বৎসরে সিমেন্ট উৎপাদন খরচের উপর এর সরাসরি নেতিবাচক প্রভাব পড়েছে। সিমেন্টের উৎপাদন কার্য চলাকালে নিরবিচ্ছিন্ন ও পর্যাপ্ত পরিমাণে বিদ্যুৎ সরবরাহ করার বিষয়টি নিশ্চিত হওয়া প্রয়োজন। এদেশে সিমেন্টের উৎপাদনে ব্যবহৃত বিদ্যুৎ সরবরাহের বেশীরভাগই পূরণ হয় জাতীয় পাওয়ার গ্রিড থেকে পাওয়া বিদ্যুৎ দ্বারা। কিন্তু উৎপাদন চলাকালীন সময়ে বিদ্যুৎ সরবরাহে ঘাটতি ও নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ না হওয়ায় সিমেন্ট উৎপাদন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ ও জ্বালানীর ব্যয় বৃদ্ধির পাশাপাশি শ্রম মজুরী বৃদ্ধি, বিদ্যুৎ সরবরাহে বিপুল ঘাটতি, কাঁচামাল ও সিমেন্টের পরিবহন ব্যয় বৃদ্ধি ইত্যাদি বিবিধ কারণও আলোচ্য বৎসরে সিমেন্টের উৎপাদন খরচ বৃদ্ধির ক্ষেত্রে অন্যতম প্রভাবক ছিল। এর সাথে কাচাঁমাল আমদানী এবং প্রান্তিক ভোক্তা পর্যন্ত সিমেন্ট পৌঁছানোর পরিবহন ব্যয়ও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এর কারনে সড়ক ও নৌ-পথে সিমেন্ট পরিবহন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য যে, এদেশে উৎপাদিত সিমেন্টের বেশীর ভাগই ঢাকা, চট্রগ্রাম এবং মংলা এলাকায় উৎপাদিত হচ্ছে।

অত্র কোম্পানী এর পণ্য বিপণনের জন্য নিজস্ব সরবরাহ ও বিতরণ ব্যবস্থা চালু রেখেছে। এ ছাড়া কাঁচামাল ও উৎপাদনে ব্যবহার্য অন্যান্য ভারী পণ্য তথা কাচাঁমাল কারখানা পর্যায়ে পৌঁছানোর জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন আধুনিক স্বয়ংক্রিয় মেশিনপত্র ব্যবহৃত হচ্ছে। তদুপরি সমগ্রদেশে দ্রুততার সাথে ও যথাসময়ে পণ্য ভোক্তাদের দোরগোড়ায় পৌছানোর জন্য পণ্য পরিবহন উপযোগী জাহাজ ও নিজস্ব ট্রাকের একটি বহরও অত্র প্রতিষ্ঠানের রয়েছে।

সিমেন্ট খাতে ভোক্তাদের অবস্থান

বাংলাদেশের অর্থনীতি মূলতঃ কৃষি নির্ভরশীল বিধায় পূর্বে অবকাঠামোগত বির্নিমাণ খাত একটি শিল্প হিসাবে স্বীকৃতি পায়নি। এর অন্যতম কারণ ছিল গ্রামীন পর্যায়ে দেশের বিপুল জনগোষ্ঠীর বসবাস। ভৌত অবকাঠামোগত বিনির্মান শিল্পের উন্নয়ণের সাথে সিমেন্ট নিবিড় ভাবে সম্পর্কযুক্ত বিধায় এটি একটি সীমিত চাহিদার শিল্প পণ্য। সিমেন্টের মূল্য এর ভোক্তা চাহিদার ক্ষেত্রে প্রধান বিবেচ্য বিষয় নয়। সিমেন্টের চাহিদার ক্ষেত্রে ভোক্তাদের আস্থাও বিশেষভাবে বিবেচ্য হয়ে থাকে। এ ক্ষেত্রে ভোক্তাদের কোনো বিশেষ ব্র্যান্ডের প্রতি বিশেষ অগ্রাধিকার কার্যকর ভূমিকা রেখে থাকে। দেশের ব্যক্তিপর্যায়ে গৃহ নির্মাণ, যৌথ আবাসণ নির্মাণ, নাগরিক অবকাঠামোগত সুবিধাদির উন্নয়ন, সড়ক ও জনপথসহ যোগাযোগ ব্যবস্থার সার্বিক উন্নয়ন, সড়ক ও জনপথসহ যোগাযোগ ব্যবস্থার সার্বিক অগ্রগতি, বড় বড় সেতু, কালভার্ট, ফ্লাইওভারসহ অন্যান্য যোগাযোগ ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট উল্লেখযোগ্য সংখ্যক অবকাঠামোগত উন্নয়ন, আবাসিক ও বাণিজ্যিক পর্যায়ে বৃহদায়তন স্থাপনাসমূহ নির্মাণে ধারাবাহিকতা বজায় থাকায় দেশের সিমেন্ট শিল্প বিকাশের ক্ষেত্রে তা উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। যার কারণে এদেশে সিমেন্টের মতো কিছু কিছু পণ্যের ক্ষেত্রে শুধুমাত্র প্রতিযোগীতামূলক মূল্যের বিষয়টিই বিবেচিত হয় না। সিমেন্টর মতো শিল্পজ পণ্যের ক্ষেত্রে ভোক্তাদের আস্থা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। ব্র্যান্ডিং এর ভূমিকা ও প্রয়োজনীয়তাও এক্ষেত্রে রয়েছে। উল্লেখ্য যে, সিমেন্টের মতো শিল্প-পণ্যের উৎপাদনের ক্ষেত্রে প্রতিযোগী বিভিন্ন শিল্প-প্রতিষ্ঠানগুলিতে প্রায় সমজাতীয় প্রযুক্তিই ব্যবহৃত হয়ে আসছে। আমাদের দেশের ভোক্তাদেরকে তাদের অবস্থানগত সুবিধা, ক্রয়ের আচার-প্রকৃতি, ক্রয়ের ধরণ, ক্রয়ের মৌসুম, মৌসুম ভিত্তিক চাহিদার হ্রাস-বৃদ্ধি, সামাজিক-আর্থিক অবস্থা ইত্যাদি বিবিধ বিষয়কে বিবেচনা করে কয়েকটি ভাগে ভাগ করা যায়। শিল্প পণ্যের বাজারে সমজাতীয় অনেক পণ্যের মধ্যে ক্রেতাদের ব্যবহার ও অগ্রাধিকার, মূল্যের প্রতির সংবেদনশীলতা, পণ্যের গুণগতমানের বিষয়ে সচেতনতা, পণ্য মূল্যে হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে সংবেদনশীলতা ইত্যাদি নানা বিষয় বিবেচনা করে সে অনুযায়ী পণ্য বাজারজাতকরণের কৌশল নির্ধারণ করতে হয়।

এদেশের সিমেন্টের ভোক্তাদেরকে প্রধানত তিনটি শ্রেণীতে ভাগ করা হয়ে থাকে -

(১) সরকারী ও জনকল্যাণমূলক প্রতিষ্ঠান;

(২) আবাসন নির্মাণকারী প্রতিষ্ঠান;

(৩) ব্যক্তি পর্যায়ের আবাসন নির্মাতা/ক্রেতা-ভোক্তা।

সরকারের গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনার আওতায় বিভিন্ন জনস্বার্থসংশ্লিষ্ট বৃহদায়তন উন্নয়ন প্রকল্পসমূহ, যেমন - পদ্মা ব্রিজ, দ্রুত যাতায়াত সুবিধা সম্পন্ন সড়ক ব্যবস্থা (MRT), রাজধানী ও বিভাগীয় শহরে বড় বড় ফ্লাইওভার নির্মাণ, বড় রাস্তা-ঘাট, বৃহৎ অবকাঠমো নির্মাণ প্রভৃতি বাস্তবায়ন কাজ শুরু হওয়ায় এদেশে সিমেন্টের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। দেশে উৎপাদিত ৪৫% সিমেন্ট ব্যবহৃত হচ্ছে ঢাকা বিভাগে, ২৩% চট্টগ্রাম বিভাগে, বাদবাকী ৩২% দেশের অন্যান্য এলাকায় ব্যবহৃত হচ্ছে। দেশের ব্যক্তি পর্যায়ের আবাসিক বাসস্থান নির্মাণকারীগণের, হার প্রায় ৩০%, আবাসন ও বাণিজ্যিক নির্মাণ প্রতিষ্ঠানের হার ২৫%। আর সরকারী অবকাঠামোগত নির্মানের ক্ষেত্রে প্রায় ৪৫%।

আমাদের দেশের ভোক্তা প্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ বিশ্বে জনপ্রতি সিমেন্ট ব্যবহারের তুলনায় অনেকাংশেই কম। এমনকি আমাদের পার্শ্ববর্তী দেশগুলিতেও জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ আমাদের দেশ হতে অনেক বেশী। আমাদের দেশের জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ ১২৪ কেজি, বিগত বৎসরগুলিতে যা ছিল ১০৫ কেজি উল্লেখ্য যে, জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ পার্শ্ববর্তী দেশ ভারতে ২১৭ কেজি, পাকিস্তানে ২৬৫ কেজি, শ্রীলংকায় ৩১০ কেজি। এছাড়া জনপ্রতি সিমেন্ট ব্যবহারের পরিমাণ দক্ষিণ কোরিয়ায় ৭০৫ কেজি, চীনে ১,৭০০ কেজি মালয়েশিয়ায় ৬১৬ কেজি, ইরানে ৭৭০ কেজিএবং সৌদি আরবে ১,৬৮৩ কেজি।

এদেশে নগরায়নের হার উল্লেখযোগ্য ভাবে ক্রমন্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ব্যক্তিগত আর্থিক সামর্থ্য ও সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় ব্যক্তি পর্যায়ে গ্রামে ও শহরের সর্বপর্যায়েই ভৌত অবকাঠামোগত উন্নয়নের হার দিন দিন বাড়ছে। দেশের ব্যক্তি পর্যায়ে আবাসন নির্মাণ, নাগরিক অবকাঠামোগত সুবিধাদি উন্নয়ন, সড়ক ও জনপথসহ যোগাযোগ ব্যবস্থার সার্বিক উন্নয়ণ, বৃহদায়তন সেতু, কালভার্ট, ফ্লাইওভারসহ বিভিন্ন উচ্চাভিলাষী প্রকল্পসহ অন্যান্য যোগাযোগ অবকাঠামোর উল্লেখযোগ্য উন্নয়ণ, আবাসিক ও বাণিজ্যিক পর্যায়ে বৃহদায়তন স্থাপনাসমূহ নির্মাণ কার্যক্রমসমূহ দেশের সিমেন্ট শিল্প বিকাশের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে।

এ দেশের জনসংখ্যা বৃদ্ধি ও জনসাধারণের অর্থনৈতিক অবস্থার উত্তরোত্তর উন্নয়নের সাথে তাল মিলিয়ে আবাসন ব্যবস্থা ও নগরায়ণের ক্ষেত্রে নব ধারার সৃষ্টি হয়েছে। এক জরীপে দেখা গেছে যে, উন্নয়নের এ সার্বিক ধারা অব্যাহত থাকলে এ দেশে উৎপাদিত সিমেন্টের বার্ষিক চাহিদা ২০২১ সাল নাগাদ ২৮ মিলিয়ন মেট্রিক টন হবে। দেশের সিমেন্টের চাহিদা বৃদ্ধির ধারা

২০৩৫ইং অর্থ বৎসর পর্যন্ত অব্যাহত থাকতে পারে বলে অনুমান করা হচ্ছে। উন্নয়নের এ ধারা অব্যাহত থাকলে দেশের সার্বিক নাগরিক অবকাঠামোগত উন্নয়ন, সড়ক ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, বৃহদায়তন স্থাপনাসমূহ নির্মাণ কার্যক্রমে দেশের সিমেন্ট শিল্প বিশেষ ভাবে অবদান রাখতে পারবে।

পরিবহন

সিমেন্টের মত ভারী শিল্প-পণ্যের ক্ষেত্রে পরিবহন ব্যয় বিশেষভাবে বিবেচ্য একটি বিষয়। সিমেন্ট এমন একটি শিল্প-পণ্য যা কারখানা হতে পরিবেশক হয়ে ভোক্তার নিকট পৌছানো পর্যন্ত সর্বাংশে পরিবহন ব্যবস্থার উপর নির্ভর করতে হয়। সিমেন্ট শিল্প-পণ্য পরিবহনের ক্ষেত্রে বিভিন্ন প্রকারের যানবাহন ব্যবহার করার প্রয়োজন হয়ে থাকে। যানবাহনের মান ও প্রকৃতি ইত্যাদি বিবিধ বিষয়ের উপর শিল্প-পণ্যের মূল্য, পণ্যের গুণ ও মান বজায় থাকা, সময়মত ভোক্তার নিকট চাহিদা অনুযায়ী পণ্য পৌছানো-ার মত গুরুত্বপূর্ণ বিষয়সমূহও নির্ভরশীল। পণ্য পরিবহনের ক্ষেত্রে দক্ষতা ও দ্রুততার উপরও ভোক্তাদের আস্থা অনেকাংশে নির্ভর করে থাকে।

এদেশের সিমেন্ট শিল্পজাত পণ্যের শতকরা প্রায় ৮৫ ভাগ ভোক্তাদের নিকট সড়ক পথে এবং বাদবাকী অংশ নৌ-পথে পরিবহন করা হয়ে থাকে। সিমেন্ট শিল্প-পণ্য উৎপাদনে ব্যবহৃত অধিকাংশ কাঁচামাল সমুদ্র পথে জাহাজযোগে বিদেশ হতে আমদানী করা হয়ে থাকে। আলোচ্য বৎসরে জাহাজে পণ্য পরিবহন ভাড়া বৃদ্ধি, জ্বালানীর মূল্য বৃদ্ধি, মুদ্রাস্ফীতি ও অন্যান্য নানাবিধ কারনে কাঁচামালসহ উৎপাদিত সিমেন্ট পরিবহনের ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ফলে অত্র কোম্পানীকে কাঁচামাল আমদানী, পরিবহন ব্যয় ও সিমেন্ট বাজারজাতকরণ প্রক্রিয়া চালনা করার জন্য অতিরিক্ত ব্যয় নির্বাহ করতে হয়েছে।

মৌসুম নির্ভরতা

এদেশের বিশেষ বিশেষ কতগুলি শিল্পের ক্ষেত্রে মৌসুমভিত্তিক চাহিদার তারতম্য হওয়া একটি অন্যতম বৈশিষ্ট্য। বাংলাদেশের সিমেন্টের বাজারে এটি আরোও প্রকটভাবে দৃশ্যমান এদেশের সিমেন্টের চাহিদা সারা বৎসরব্যাপী একই রকম থাকে না। দেশের সিমেন্টের ভোক্তাদের চাহিদার বিশেষ বৈশিষ্ট্য হলো মৌসুম ভিত্তিক তারতম্য। সিমেন্ট সামগ্রীর ক্ষেত্রে ভোক্তাদের চাহিদা ভিন্ন ভিন্ন মৌসুমে ভিন্নতা থাকে এবং মৌসুম অনুযায়ী তা পরিবর্তীতও হয়। ফলে বৎসরের বিভিন্ন সময়ে সিমেন্টের চাহিদার ক্ষেত্রে তারতম্য ও ভিন্নতা পরিলক্ষিত হয়ে থাকে। সারা বৎসরব্যাপী সিমেন্টের ব্যবহারের তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক দেখা যায় যে, মৌসুমী আবহাওয়ার সরাসরি প্রভাব দেশের সিমেন্টের চাহিদা ও ব্যবহারের ক্ষেত্রে বেশ প্রভাব বিস্তার করে থাকে। যার ফলে সিমেন্ট বিপণনের ক্ষেত্রে মৌসুম ভেদে ভিন্ন ভিন্ন কৌশল অবলম্বন করতে হয়। এছাড়া সিমেন্টের চাহিদা এদেশের ভৌত অবকাঠামোগত বিনির্মাণের সাথে নিবিড় ভাবে সম্পৃক্ত। সার্বিক ভৌত অবকাঠামোগত উন্নয়ণের ধারা যখন বেগবান ও অব্যাহত ভাবে থাকে, সে সময় দেশে সিমেন্টের চাহিদাও উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে। বিপরীতক্রমে অবকাঠামোগত উন্নয়ণের ধারা কোন ভাবে ব্যাহত হলে সিমেন্টের চাহিদাও উল্লেখযোগ্য ভাবে হ্রাস পায়। এর প্রধান কারণ অবকাঠামোগত উন্নয়ন খাতের কাজের গতিধারা প্রতি বৎসর বিভিন্ন মৌসুমে হ্রাস-বৃদ্ধির ফলে সিমেন্টের সার্বিক চাহিদারও উল্লেখযোগ্য হারে হ্রাস-বৃদ্ধি হয়। মৌসুমের পরিবর্তনের সাথে তা কোন কোন বৎসর শতকরা ৫০% ভাগ পর্যন্ত হ্রাস বা বৃদ্ধি পেয়ে থাকে। এদেশে সিমেন্ট খাতে মৌসুম ভিত্তিক তারতম্য/পরিবরর্তনশীলতার প্রকৃতিকে বিশ্লেষন করে ইংরেজি বৎসরের ভিত্তিতে নিম্নলিখিত ভাবে ভাগ করা হয়েছে :

ভরা মৌসুম	-	জানুয়ারী থেকে এপ্রিল/মে মাস;
খরা মৌসুম	-	জুন থেকে সেপ্টেম্বর মাস; এবং
বিষন্ন মৌসুম	-	অক্টোবর থেকে ডিসেম্বর মাস ।

তবে প্রায় যেকোন স্বাভাবিক বৎসরের ভরা মৌসুমের ৫ - ৬ মাস সময়কালে এদেশের মোট সিমেন্ট উৎপাদন ও সরবরাহ উক্ত সময়ে দেশের সার্বিক মোট চাহিদার তুলনায় অনেক ক্ষেত্রে সমান বা কোন কোন সময় চাহিদার তুলনায় সিমেন্ট সরবরাহে এমন কি ঘাটতিও দেখা দেয়।

সিমেন্টের চাহিদার সার্বিক পরিস্থিতি দেশের সামগ্রিক অবকাঠামোগত উন্নয়নের সাথে ওতপ্রোতভাবে সর্ম্পকযুক্ত। যখন দেশের নির্মাণ খাতে অগ্রযাত্রা থাকে তখন সিমেন্টের চাহিদাও বেশি থাকে।

এদেশের সিমেন্ট শিল্পখাতে জানুয়ারী হতে এপ্রিল মাস পর্যন্ত সময়কে ভরা মৌসুম হিসাবে বিবেচনা করা হয়, যা অনেক সময় মে মাস পর্যন্ত প্রলম্বিত হয়ে থাকে। এসময়ই এদেশের বার্ষিক ব্যবহৃত মোট সিমেন্টের প্রায় ৫০% ভাগেরও বেশী ব্যবহৃত হয়। কারন এসময় এদেশে বৃষ্টিপাত সর্বনিম্ন পর্যায়ে থাকে। যার ফলশ্রুতিতে এসময়কে গৃহ নিমার্ণ সহ যাবতীয় অবকাঠামোগত উন্নয়ণ ও বিবিধ উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুকূল সময় হিসাবে বিবেচনা করা হয়।

জুন হতে সেপ্টেম্বর মাস এ সময়কালকে সিমেন্ট খাতের খরা মৌসুম হিসাবে বিবেচনা করা হয়। কারণ এসময় সিমেন্টের সার্বিক চাহিদা কমে যায়। এদেশে এসময় বৃষ্টিপাতের মৌসুম বিরাজমান থাকায় আবাসিক গৃহনির্মানসহ বানিজ্যিক অবকাঠামোগত উন্নয়ণ কার্যক্রম প্রায় বন্ধ থাকে। যদিও বৃষ্টিপাত সিমেন্ট নির্ভর নির্মাণসমুহে কিউরিং-এর জন্য অনুকূল ।

এদেশের সিমেন্ট শিল্পখাতে সাধারনতঃ অক্টোবর হতে ডিসেম্বর মাসকে বিষন্ন মৌসুম হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। এসময় কালটি এখাতের ভর মৌসুম শুরু হবার অব্যবহিত পূর্বে থাকার এসময় যাবতীয় নির্মাণ সামগ্রীর প্রাপ্যতাও সর্বনিম্ন পর্যায়ে থাকে।

এতদ বিষয়গুলিকে সম্যক বিবেচনাপূর্বক অত্র কোম্পানী এর উৎপাদন, বাণিজ্যিক ও বিপণনের যাবতীয় কর্মধারাকে নির্ধারন করেছে এবং ভিন্ন ভিন্ন মৌসুমে পৃথক পৃথক ভাবে এর বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করে চলছে।

উৎপাদন - সরবরাহ ব্যবস্থাপনা

সিমেন্ট উৎপাদন প্রযুক্তি নির্ভর একটি জটিল শিল্প প্রক্রিয়া। উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাপনা যে কোন শিল্পজাত পণ্যের ক্ষেত্রে বেশ গুরুত্বপূর্ণ বিষয়। শিল্প-পণ্য তৈরীর কাঁচামালের সরবরাহ বা প্রাপ্তির সুবিধা, উৎপাদিত পণ্য পরিবহন ব্যয়, বাজারজাতকরন ও পরিবহন সুবিধা তথা কাঁচামাল সরবরাহ, কারখানা ও পন্যের ভোক্তাদের অবস্থানগত দুরত্ব বিক্রয় মূল্যের উপরও বেশ প্রভাব ফেলে। তদুপরি উৎপাদনের ক্ষেত্রে সার্বিক দক্ষতা পণ্য ও কাচাঁমালের সরবরাহ দক্ষতার উপর অনেকাংশে নির্ভরশীল। যা উৎপাদনকারীর বাণিজ্যিক মুনাফাকে বিশেষভাবে প্রভাবিত করে। উৎপাদক ও ভোক্তাদের পারস্পরিক অবস্থানগত দুরত্বের প্রভাবে মুনাফার হ্রাস বা বৃদ্ধি ঘটে। কারণ সিমেন্ট মূল্যের অনুপাতে অধিক পরিমান পণ্য (high volume- low value commodity) হিসাবে বিবেচিত একটি শিল্পজাত পণ্য।

বাংলাদেশে সিমেন্টের সরবরাহ ও যোগান অঞ্চলভিত্তিক। ফলে অঞ্চলভেদে সিমেন্টের মূল্যে উল্লেখযোগ্য পার্থক্য দেখা যায়। পরিবহন খরচ কম হলে এবং তৎসঙ্গে সিমেন্টের নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা গেলে তা উৎপাদনকারীর জন্য লাভজনক বলে বিবেচিত হয়। এজন্য এদেশে সিমেন্টকে অঞ্চলভিত্তিক পণ্য হিসাবেই দীর্ঘদিন যাবৎ গণ্য করা হচ্ছে। এর প্রধান কারণ হলো বিভিন্ন অঞ্চলে সিমেন্টের অসম চাহিদা এবং তার ভিত্তিতে সিমেন্টের যোগান পরিস্থিতি। এদেশের বিভিন্ন অঞ্চলের জনসাধারনের মাথাপিছু গড় আয়ের মধ্যে বিরাট তফাৎ আছে। একারনে অঞ্চলভিত্তিক শিল্পকারখানার উন্নয়ন এবং জনগণের মাথাপিছু আয় বিভিন্ন পণ্যের চাহিদা ও সরবরাহের উপর বেশ প্রভাব বিস্তার করে। বিভিন্ন সমীক্ষায় দেখা গেছে যে, সারা দেশের মধ্যে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে সিমেন্ট ও নির্মান খাতে ব্যবহার্য অন্যান্য পন্যের চাহিদা তুলনামূলকভাবে বেশী।

এদেশের বিভাগ ভিত্তিক সিমেন্টের ভোক্তদের সার্বিক চাহিদার শতকরা হার হলো ঃ

ঢাকা বিভাগ - ৪৫%,	চট্টগ্রাম বিভাগ - ২৩%,
খুলনা বিভাগ - ১০%,	রাজশাহী বিভাগ ও রংপুর বিভাগ - ১০%,
বরিশাল বিভাগ - ৫%,	সিলেট বিভাগের চাহিদা - ৭%।


মেঘনা সিমেন্ট মিলস্ লিমিটেডের শিল্প-কারখানাটির অবস্থান বাগেরহাট জেলার মংলা শিল্প এলাকায়। যা উক্ত শিল্পাঞ্চলের প্রথম শিল্প প্রতিষ্ঠান ও বটে। অত্র কোম্পানীর কারখানার এ অবস্থানগত সুবিধার কারণে খুলনা, বরিশাল, রংপুর, রাজশাহী ও ঢাকা বিভাগসহ দেশের উত্তর ও দক্ষিণাঞ্চলে অত্র কোম্পানীর কারখানায় উৎপাদিত সিমেন্ট সরবরাহের ক্ষেত্রে বিশেষ সুবিধাজনক অবস্থানে রয়েছে। এসকল অঞ্চলে স্বল্প সময়ে স্থল ও জল উভয় পথেই সিমেন্ট পরিবহন করা হচ্ছে। এছাড়া অত্র কোম্পনীর নিজস্ব পণ্য পরিবহন ব্যবস্থা বিদ্যমান থাকায় সমগ্র বাংলাদেশকে এর পণ্য সরবরাহের নেটওয়ার্কের আওতায় আনা সম্ভব হয়েছে।

পণ্য উৎপাদন ও বিক্রয় (Production and Sales)

পণ্য উৎপাদন ও পণ্য বিক্রয় পৃথক বিষয় হলেও এগুলি একে অপরের উপর বিশেষভাবে নির্ভরশীল। দেশের সরকারী ও বেসরকারী পর্যায়ে ভৌত অবকাঠামোগত উন্নয়ণ, সড়ক ও জনপথ নির্মাণ, আবাসন নির্মাণ ও পুণঃনির্মাণের গতির সাথে সিমেন্টের চাহিদাও নিবিড় ভাবে সম্পৃক্ত। অত্র কোম্পানীর ক্রেতাদের ব্যবহার ও চাহিদার ভিত্তিতে কয়েক ভাগে ভাগ করা যায় যেমন -

১) বিতরণকারী;	২) ডিলার;	৩) খুচরা বিক্রেতা;
৪) ঠিকাদার;	৫) শিল্প-কারখানা;	৬) আবাসন নির্মাতা প্রতিষ্ঠান;
৭) ব্যক্তিগত বাড়ি নির্মাণ;	৮) অন্যান্য ভোক্তা/ক্রেতা।	

আলোচ্য আর্থিক বৎসরে উৎপাদন এবং বিক্রয় কার্যক্রমের সার্বিক ধারা অব্যাহত রাখার পাশাপাশি তা আরো বৃদ্ধির জন্য অত্র কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অত্যন্ত সচেষ্ট থাকায় পণ্য উৎপদন ও বিক্রয় পরিস্থিতির সার্বিক অগ্রগতির ধারায় ইতিবাচক ফল লাভ করা সম্ভবপর হয়েছে।




আলোচ্য ২০১৭-২০১৮ আর্থিক বৎসরে অত্র কোম্পানী ৯.০২ লক্ষ মেঃ টন সিমেন্ট উৎপাদন করতে সক্ষম হয়েছে। পূর্ববর্তী বছরে যা ছিল ৮.৫৫ লক্ষ মেঃ টন। ফলে পূর্ববর্তী আর্থিক বৎসরের তুলনায় আলোচ্য আর্থিক বৎসরে অত্র কোম্পানীর উৎপাদন ৫.৫% বৃদ্ধি পেয়েছে।




অপরপক্ষে ২০১৭-২০১৮ আর্থিক বৎসরে অত্র কোম্পানীর নীট বিক্রয়লব্ধ আয় ছিল ৫৫৩.৩৪ কোটি টাকা যা বিগত ২০১৬-২০১৭ আর্থিক বৎসরে ছিল ৪৯৮.১ কোটি টাকা।

অর্থাৎ পূর্ববর্তী বছরের তুলনায় আলোচ্য বৎসরে নীট বিক্রয়লব্ধ আয় ৫৫.২৪ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। এর প্রেক্ষিতে আলোচ্য বৎসরে নীট বিক্রয়ের ক্ষেত্রে ১১.০৯% প্রবৃদ্ধি অর্জিত হয়েছে।



উৎপাদন সক্ষমতা বৃদ্ধি

বাংলাদেশের মত একটি ক্ষুদ্র অথচ তীব্র প্রতিযোগীতামূলক সিমেন্ট খাতের বাজারে প্রযুক্তি নির্ভর কোন শিল্প-কারখানাকে টিকে থাকার জন্য প্রয়োজন প্রযুক্তির সাথে সংগতি রেখে উৎপাদন ও বাণিজ্যিক কৌশল নির্ধারণ করা। এছাড়া বৎসরের ভিন্ন ভিন্ন সময়ে পরিস্থিতি পর্যালোচনা করার সক্ষমতা বজায় রাখা। এছাড়াও অত্র কোম্পানীকে দেশের বাজারে এর প্রতিযোগীদের কর্মধারা ও নতুন নতুন শিল্প কারখানার আগমন, এ খাতে যাবতীয় ঝুঁকি সমূহের উদ্ভব ও তা প্রতিকারের মত গুরুত্বপূর্ন বিষয়গুলির দিকেও সজাগ দৃষ্টি রাখতে হয়। ইতিপূর্বে আমরা আপনাদেরকে অবগত করেছি যে, বর্তমানে আমাদের দেশে স্থানীয় পর্যায়ে সিমেন্টশিল্প খাতে চাহিদার তুলনায় অতিরিক্ত পরিমাণে সিমেন্ট উৎপাদিত হচ্ছে। অপর পক্ষে দেশীয় বাজারে মানসম্পন্ন সিমেন্টের বিপুল চাহিদাও রয়েছে। সিমেন্টের কার্যকর চাহিদা এবং যোগান ইংরেজী বছরের প্রথম ভাগে বেশী থাকে, এ তথ্য বিবেচনায় রেখে অত্র কোম্পানী এর উৎপাদন সক্ষমতা আরোও বৃদ্ধির উদ্যোগ ইতিমধ্যে গ্রহণ করেছে। উৎপাদন সক্ষমতার পরিকল্পনা পরিপূর্ণ ভাবে বাস্তবায়িত হলে অত্র কোম্পানীর মুনাফা বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। এ জন্য অত্র কোম্পানী ২০১৭ সালে ডেনমার্ক-এর এফএল স্মিথ নামক কোম্পানীর সাথে ভার্টিকেল রোলার মিল (VRM) মেশিনারিজ আমদানী ও তা মংলা কারখানা এলাকায় স্থাপনের জন্য একটি চুক্তি স্বাক্ষর করেছে। ভার্টিকেল রোলার মিল মেশিনারিজ স্থাপনের কার্য সুষ্ঠুভাবে সম্পাদিত হলে অত্র কোম্পানীর উৎপাদন সক্ষমতা বছরে প্রায় ২০ লাখ মেট্রিক টনে উন্নীত হবে। দুই বৎসরের মধ্যেই উক্ত প্রকল্প বাস্তবায়িত হবে বলে নির্ধারিত হয়েছে। উক্ত পরিকল্পনা যথাযথ ভাবে বাস্তবায়ন করা সম্ভবপর হলে তা হবে অত্র কোম্পানীর ২য় ইউনিট। ইতিমধ্যে ডেনমার্ক হতে ভিআরএম যন্ত্রপাতির প্রথম চালান এসে পৌছেছে এবং তা মংলা কারখানা এলাকায় স্থাপনের কাজ পূর্ণোদ্যমে চালু রয়েছে। পরবর্তী ও শেষ চালান ২০১৮ বর্ষের শেষ নাগাদ এদেশে এসে পৌছাবে বলে আমরা আশা করছি। ডেনমার্ক-এর এফএল স্মিথ নামক কোম্পানীর সাথে ভার্টিকেল রোলার মিল মেশিনারিজ আমদানী বাবদ অত্র কোম্পানীকে ২৪৪.৭৯ কোটি টাকা পরিশোধ করতে হবে। সব কিছু স্বাভাবিক থাকলে এবং পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের কাজ সুসম্পন্ন হলে ২০১৯ইং সনের মাঝামাঝি থেকে ভার্টিকেল রোলার মিলটি চালু করার মাধ্যমে এ ইউনিট হতে বাণিজ্যিকভাবে সিমেন্ট উৎপাদন ও সরবরাহ করা সম্ভবপর হবে। উল্লেখ্য যে, ডেনমার্ক-এর এফএল স্মিথ-এর সাথে সম্পাদিত যন্ত্রপাতি ক্রয় চুক্তিতে অর্থায়নের মাধ্যমে তা বাস্তবায়নের জন্য ইনফ্রাকষ্টাকচার ডেভালপমেন্ট কোম্পানী লিঃ (IDCOL) নিকট থেকে অত্র কোম্পানী শিল্প-ঋণ সুবিধা গ্রহন করেছে।




২০১৭-২০১৮ইং আর্থিক বৎসরে অত্র কোম্পানী রাষ্ট্রীয় কোষাগারে ১৩৫.০৪ কোটি টাকা কর, শুল্ক ও ভ্যাট ইত্যাদি হিসাবে পরিশোধ করেছে যা অত্র কোম্পানীর বার্ষিক নীট বিক্রয়ের ২৪.৪১%। পূর্ববর্তী অর্থ বৎসরে যা ছিল ১৪১.৪২ কোটি টাকা। উক্ত বৎসরের যা নীট বিক্রয়ের ২৮.৩৯% ছিল।

প্রাতিষ্ঠানিক কর্মদক্ষতা

প্রতিটি শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানকে তাদের নিজ নিজ কর্ম পরিকল্পনা অত্যন্ত সর্তকতা ও বিচেনার সাথে প্রণয়ন বাস্তবায়ন করতে হয়। এর পাশাপাশি লক্ষ্য অর্জনের জন্য যথাযথ কর্মকৌশলও নির্ধারণ করতে হয়। যথাযথ কর্মকৌশল পরিকল্পনা যে কোন কোম্পানীকে তার ব্যবসা প্রসারণ, উন্নয়ণ এবং বাজারে এর অবস্থান তৈরী ও তা ধরে রাখার ক্ষেত্রে কার্যকরভাবে সহায়তা করে থাকে।

প্রতিযোগীতামূলক বাজার ব্যবস্থায় টিকে থাকার জন্য ও সার্বিক উন্নয়নের ধারার উত্তরণ ঘটানোর লক্ষ্যে প্রতিটি শিল্প-বাণিজ্যিক প্রতিষ্ঠানকে উৎপাদন এবং বিক্রয় কার্যক্রমে ইতিবাচক ফল অর্জন করতে হয়। আলোচ্য আর্থিক বৎসরেও অত্র কোম্পানীর উৎপাদন এবং বিক্রয় কার্যক্রমের সার্বিক ধারা অব্যাহত রাখতে অত্র কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অত্যন্ত সচেষ্ট থাকায় পণ্য উৎপাদন ও বিক্রয় পরিস্থিতির সার্বিক অগ্রগতির ইতিবাচক ধারা অব্যাহত ছিল।

আলোচ্য ২০১৭-২০১৮ইং আর্থিক বৎসরে অত্র কোম্পানীর নীট বিক্রয়লব্ধ আয় ছিল ৫৫৩.৩৪ কোটি টাকা যা বিগত আর্থিক বৎসরে ছিল ৪৯৮.১০ কোটি টাকা। অর্থাৎ পূববর্তী বছরের তুলনায় আলোচ্য সময়ে নীট বিক্রয়লব্ধ আয় ৫৫.২৪ কোটি টাকা তথা ১১.০৯% বৃদ্ধি পেয়েছে। কোম্পানীর কার্যক্রম পরিচালনা ব্যবস্থাপনায় দক্ষতা, অক্লান্ত পরিশ্রম ও কঠোর নিষ্ঠার দায়িত্ব পালনের ফলে আলোচ্য আর্থিক বৎসরে অত্র কোম্পানী যাবতীয় বিরূপ ও প্রতিকূল পরিস্থিতি সত্ত্বেও ৮.১৪ কোটি টাকা মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে। পূর্ববর্তী আর্থিক বৎসরে যা ছিল ৬.৫৪ কোটি টাকা অর্থাৎ পূর্ববর্তী বৎসরের তুলনায় আলোচ্য বৎসরে মুনাফা ২৪.৪৮% বৃদ্ধি পেয়েছে।



উল্লেখ্য যে, আলোচ্য আর্থিক বৎসরে কোম্পানীর পণ্য উৎপাদন ব্যয়ের পরিমাণ ছিল ৪৯৬.৪৪ কোটি টাকা। বিগত আর্থিক বৎসরে যা ছিল ৪৪৩.৩৩ কোটি টাকা। বিগত আর্থিক বৎসরের তুলনায় আলোচ্য আর্থিক বৎসরে অত্র কোম্পানীর পণ্য উৎপাদন ব্যয় ১১.৯৮% বৃদ্ধি পেয়েছে।

লভ্যাংশ প্রদান

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণের বিষয়কে অত্যন্ত গুরুত্বের সকল সবসময় বিবেচনা করে এসেছে। কোম্পানীর আর্থিক অর্জনকে লভ্যাংশ বা বোনাস শেয়ারের আকারে শেয়ারহোল্ডারদের মাঝে বন্টনের বিষয়ে পরিচালকমন্ডলী দায়িত্বশীল ও সচেতন রয়েছেন। এক্ষেত্রে শেয়ারহোল্ডারদের স্বার্থকে সর্বাধিক গুরুত্ব ও প্রাধান্য দেয়া হয়ে থাকে। এ লক্ষ্যে কোম্পানী তার উৎপাদন সক্ষমতা বৃদ্ধির জন্য যাবতীয় কর্ম পরিকল্পনা ইতিমধ্যে গ্রহন ও তা বাস্তাবয়নের লক্ষ্যে কাজ করে চলেছে। এজন্য অত্র কোম্পানী ইনফাষ্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিঃ (ইডকোল) হতে ঋণ গ্রহণের জন্য একটি চুক্তি সম্পাদন করেছে। গৃহীত ঋণ অত্র কোম্পানীর সিমেন্ট উৎপাদনের সক্ষমতা অর্জনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ণের ক্ষেত্রে পর্যাপ্ত নয় বিধায় অত্র কোম্পানী আরোও ১০০ কোটি টাকা সংস্থানের লক্ষ্যে "Fully Reedemable Preference Shares" প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। কোম্পানীর সার্বিক অবস্থা বিবেচনা ও অন্যান্য বিষয়াদিকে বিশ্লেষণ, অর্জিত আর্থিক সাফল্য, তারল্যের সাথে সংগতি রেখে এবং চলমান অন্যান্য গুরুত্বপূর্ন বিষয়কে বিবেচনায় রেখে আলোচ্য ২০১৭-২০১৮ইং আর্থিক বৎসরের জন্য অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী কোম্পানীর সকল সম্মানিত শেয়ারহোল্ডারদের জন্য ১০% হারে (১০:১) বোনাস শেয়ার প্রদানের জন্য প্রস্তাব করেছেন। যা অত্র কোম্পানীর সকল সাধারণ শেয়ারহোল্ডাগণ ১০:১ হারে পাবেন। উল্লেখ্য, যে সকল সম্মানিত শেয়ার হোল্ডারগণের নাম অত্র কোম্পানী কর্তৃক পূর্ব ঘোষিত রেকর্ড ডেটে (তারিখ-০৪/১০/২০১৮ইং) কোম্পানীর সদস্যবহিতে অর্ন্তভূক্ত রয়েছেন শুধুমাত্র তারা উক্ত ঘোষিত বোনাস-শেয়ার পাবার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

উক্ত বিষয়টি অত্র ২৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের সদয় অনুমোদনের জন্য পরিচালকমন্ডলী পেশ পূর্বক তা অনুমোদনের জন্য সুপারিশ করেছেন।

উল্লেখ্য, পূর্ববর্তী আর্থিক বৎসরে সম্মানিত শেয়ারহোল্ডারদের জন্য ঘোষিত নগদ লভ্যাংশের হার ছিল ২০%।

জাতীয় কোষাগারে অত্র কোম্পানীর অবদান

কোন দেশের উন্নয়ণ খুব দ্রুত অর্জিত হয়নি। এক্ষেত্রে অর্থনৈতিকসহ সকল খাতের সমন্বিত অংশ গ্রহনের পাশপাশি সকল নাগরিকদের ইতিবাচক আর্থিক ও সামগ্রিক অবদান না থাকলে উক্ত দেশের আর্থ-সামাজিক তথা সার্বিক অর্থনৈতিক উন্নয়ণ ঘটানো সম্ভবপর হয় না। এর পাশাপাশি দেশের আপামর জনগোষ্ঠির সমন্বিত দৃঢ় প্রত্যয় ও প্রচেষ্টা অতীব প্রয়োজন।

অত্র কোম্পানী এর কর্মধারার সূচনালগ্ন হতে এদেশের জাতীয় কোষাগারে কর, শুল্ক, ভ্যাট ইত্যাদির মাধ্যমে দেশের জাতীয় উন্নয়নে অবদান রাখার বিষয়টিকে বিশেষ গুরুত্ব দিয়ে এসেছে। এরই ধারাবাহিকতায় আলোচ্য ২০১৭-২০১৮ আর্থিক বৎসরে অত্র কোম্পানী কর, শুল্ক, ভ্যাট ইত্যাদি বিবিধ খাতে দেশের জাতীয় কোষাগারে মোট ১৩৫.০৪ কোটি টাকা জমা প্রদান করতে সক্ষম হয়েছে।

আলোচ্য আর্থিক বৎসরে বাংলাদেশের জাতীয় কোষাগারে অত্র কোম্পানীর জমাকৃত অর্থের পরিমান ছিল উক্ত বৎসরের মোট বিক্রয়লব্ধ আয়ের শতকরা ২৪.৪১%। উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ আর্থিক বৎসরে এদেশের জাতীয় কোষাগারে অত্র কোম্পানীর জমার পরিমান ছিল ১৪১.৪২ কোটি টাকা। যা ২০১৬-২০১৭ আর্থিক বৎসরের মোট বিক্রয়লব্ধ আয়ের শতকরা ২৮.৩৯% ছিল। আমরা আশাবাদী যে আমাদের উৎপাদন সক্ষমতা বৃদ্ধি পেলে জাতীয় কোষাগারে অত্র কোম্পানীর অবদান আরোও বৃদ্ধি পাবে।

পরিবেশ সংরক্ষণ

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী ও ব্যবস্থাপনা দেশের সার্বিক পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ, তা বজায় রাখা এবং উন্নয়ণের বিষয়ে যথেষ্ট সচেতন ও যত্নশীল রয়েছেন। এদেশের প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও সংরক্ষণকে বিবেচনায় রেখে অত্র কোম্পানীর উৎপাদন ও তৎসংশ্লিষ্ট অন্যান্য কর্ম-পরিকল্পনা গৃহীত হয়ে আসছে। যা আলোচ্য ২০১৭-২০১৮ বৎসরেও অব্যহত ছিল। অত্র কোম্পানী এর কারখানা ও অন্যান্য কার্যালয়ে পরিবেশ দূষণ নিয়ন্ত্রনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক আধুনিক যন্ত্রাদি স্থাপন করেছে। যা অত্র কোম্পানীর সিমেন্ট শিল্প কারখানাটির বিবিধ দূষণ সৃষ্টিকারী উপাদানসমূহকে নির্মূল এবং দূরীকরনের জন্য যথাসাধ্য কাজ করছে। এর ফলে অত্র কোম্পানীর কারখানা ও এর অন্যান্য কার্যালয়ের কাজের সার্বিক পরিবেশ উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে এবং পণ্য উৎপাদনের ক্ষেত্রেও এর ইতিবাচক প্রভাব লক্ষ্যনীয়ভাবে পড়েছে।

ঝুঁকি এবং এর প্রতিকার ব্যবস্থাপনা

ঝুঁকি এমন একটি বিষয় যার প্রভাব সুদূর প্রসারী এবং এর ব্যাপ্তী ও প্রকৃতি বেশ ব্যাপক ও জটিল। প্রতিটি ব্যবসা-বাণিজ্যের সাথেই বিভিন্ন প্রকারের ঝুঁকির অত্যন্ত নিবিড় সম্পর্ক রয়েছে। কারণ প্রতিটি ব্যবসা-বাণিজ্যে রয়েছে অনিশ্চয়তা। এর সাথে মুদ্রাস্ফিতি, বৈদেশিক মুদ্রার বিনিময়হারের তারতম্য, দ্রব্যের মূল্যে প্রতিকুল পরিবর্তন, অর্থনৈতিক মন্দাবস্থা, আর্থিক ক্ষতি, প্রাকৃতিক দুর্যোগ, রাজনৈতিক গোলযোগ, অপ্রত্যাশিত দুর্ঘটনা ইত্যাদি নানা ধরনের সমস্যা শিল্পখাতকে ঝুঁকির সম্মুখীন করে থাকে। বাংলাদেশের সিমেন্ট সেক্টর একটি উদীয়মাণ ভারী শিল্প খাত। এর সাথে জড়িত রয়েছে নানাবিধ দৃশ্যমান ও অপ্রত্যাশিত ঝুঁকিসমূহ। অত্র কোম্পানী এ সকল ঝুঁকি মোকাবিলা ও ব্যবস্থাপনার বিষয়ের উপর বিশেষ গুরুত্ব আরোপ করে থাকে। এদেশের ক্ষুদ্র পরিসরের ভোক্তা বাজারে রয়েছে অধিক সংখ্যক প্রতিযোগী। যার কারনে এ বাজার তীব্র প্রতিযোগীতামূলক। এছাড়া এদেশের সিমেন্ট খাতের কাঁচামালসহ প্রায় সকল পণ্যসমূহকে বিদেশ হতে আমদানী করতে হয়। যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। বৈশ্বিক বাজারে অসম প্রতিযোগীতা এবং বৈশ্বিক সমস্যাদি তৎসঙ্গে মন্দাবস্থাও এদেশের সিমেন্ট খাতকে নেতিবাচকভাবে প্রভাবিত করে থাকে। অত্র কোম্পানীর ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রম এ ধরনের প্রযুক্তি নির্ভর শিল্পকারখানার সাথে সংশ্লিষ্ট সম্ভাব্য ভবিষ্যৎ ঝুঁকি ও সম্ভাব্য ক্ষতি মোকাবেলা, ঝুঁকি চিহ্নিত করা, ঝুঁকির জন্য প্রয়োজনীয় প্রস্তুতি রাখা ও ঝুঁকির উদ্ভবের সাথে সাথে তা যথোপযুক্তভাবে দৃঢ়তার সাথে মোকাবেলা করার মত বিষয়গুলিকে বিশেষ গুরুত্ব দিয়ে পরিচালিত হয়ে আসছে। সম্ভাব্য ভবিষ্যৎ ঝুঁকি ও ক্ষতিসমূহকে নির্মূলের বিষয়টি একান্তভাবে সম্ভবপর না হলে তা যতদুর সম্ভব সর্বনিম্ন পর্যায়ে রাখা ও নিয়ন্ত্রণ করার বিষয়গুলিকে অত্র কোম্পানী এর কর্মপরিকল্পনার কৌশল ও সক্রিয় বিবেচনার ভেতর রেখে যাবতীয় কার্যধারা পরিচালনা ও বাস্তবায়ন করে আসছে।

স্বার্থ সংশ্লিষ্ট পার্টির সাথে লেনদেন

অত্র কোম্পানী এর পণ্য উৎপাদন ও সার্বিক ব্যবস্থা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইনের বিধি, বিধান ও অন্যান্য প্রযোজ্য নির্দেশনা প্রতিপালন, শেয়ারহোল্ডারদের স্বার্থসংরক্ষণ, সকল ক্ষেত্রে নৈতিকতা রক্ষার বিধি-বিধান, যাবতীয় কর্মকাণ্ডের জবাব-দিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করা প্রভৃতি বিষয়গুলির উপর বিশেষ গুরুত্ব ও প্রাধান্য দিয়ে এসেছে এবং তা পূর্ণভাবে পালনে সচেষ্ট রয়েছে। আগামীতে এ ধারা আরোও অব্যহত থাকবে বলে আমরা আশাবাদী।

আলোচ্য আর্থিক বৎসরের প্রতিবেদনে অত্র কোম্পানীর সাথে স্বার্থ সংশ্লিষ্ট পার্টির সাথে লেনদেন সম্পর্কীত বিস্তারিত বিবরণ নিরীক্ষা প্রতিবেদনের নোট নম্বর ৩৫ পৃষ্ঠা নং- ১১৩ এ উল্লেখ করা হয়েছে।

পূর্ণ প্রত্যাহারযোগ্য, অপরিবর্তনযোগ্য ও নিবন্ধনযোগ্য অগ্রাধিকার শেয়ার ইস্যু (Issuance of Fully Redeemable, Non-Convertible and Non-Listed Preference Shares)

মেঘনা সিমেন্ট মিলস লিঃ এর উৎপাদন সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বর্তমান উৎপাদন সক্ষমতাকে ২০লক্ষ মেট্রিক টনে উন্নীত করার এক বিশাল কর্মযজ্ঞ শুরু করেছে। IDCOL-এর নিকট হতে প্রাথমিক ভাবে ঋণ গ্রহণের মাধ্যমে উক্ত পরিকল্পনার প্রারম্ভিক অর্থ সংস্থানের উদ্যোগ ইতিমধ্যে নেয়া হয়েছে। উক্ত গৃহীত ঋণের দ্বারা অত্র কোম্পানীর মংলা কারখানার ২য় ইউনিটে ভিআরএম (ভার্টিকেল রোলার মিল মেশিনারিজ) স্থাপণের মাধ্যমে সিমেন্ট উৎপাদন ব্যবস্থা চালুর কাজ ইতিমধ্যে শুরুও করা হয়েছে। উক্ত ভিআরএম মেশিনারিজসমূহ সরবরাহ করছে ডেনমার্কের প্রখ্যাত FL Smidth নামক কোম্পানী। উক্ত মেশিনারীজের প্রাথমিক চালান দেশে ইতিমধ্যেই এসে পৌছানোর পর তা অত্র কোম্পানীর মংলা কারখানা এলাকায় স্থাপনের কাজ শুরু করা হয়েছে। বাদবাকী মেশিনারীজ ২০১৮ইং সালের মধ্যেই এদেশে এসে পৌছালে তাও অত্র কারখানা এলাকায় স্থাপনের সুনিদৃষ্ট পরিকল্পনা রয়েছে।

উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে মূলধনী যন্ত্রপাতি আমদানী ও স্থাপনার জন্য যে বিপুল অংকের অর্থের সংস্থান দরকার তা IDCOL -এর নিকট হতে প্রাপ্ত ঋণের দ্বারা সম্পূর্ণ ভাবে পূরণ করা সম্ভব হচ্ছে না। পরিকল্পনা মোতাবেক পুরো প্রকল্পটি বাস্তবায়ন করতে হলে অত্র কোম্পানীর আরোও প্রায় ১০০ কোটি টাকার সংস্থান করা একান্ত প্রয়োজন।

এদিকে ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ অত্র কোম্পানীর Debt-Equity হারের মধ্যে ভারসাম্য/সমতা আনয়নের জন্যেও ইতিমধ্যে বিভিন্ন ভাবে পরামর্শ দিয়েছেন। যার ফলশ্রুতিতে অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী বিগত ২২/০৮/২০১৮ইং তারিখের সভায় ১০০ কোটি টাকার 'প্রেফারেন্স শেয়ার' (অগ্রাধিকার শেয়ার) ইস্যুর মাধ্যমে আরোও ১০০ কোটি টাকা অর্থ সংস্থানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এ অর্থ সংস্থান হলে অত্র কোম্পানীর উৎপাদন সক্ষমতার অর্থায়ন সহজতর হবে। উক্ত ১০০ কোটি টাকার প্রেফারেন্স শেয়ার প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে অর্থায়নকারী সংস্থাকে ইস্যু করা হবে। প্রস্তাবিত প্রেফারেন্স শেয়ার Fully Redeemable, Non-convertible ও Non-listed হবে। এবং প্রস্তাবিত অর্থায়নকারী স্থানীয় বা বিদেশী যে কোন পর্যায়ের হতে পারবেন।

উক্ত ১০০ কোটি টাকার প্রেফারেন্স শেয়ার ইস্যু করার কাজ সম্পন্ন হলে অত্র কোম্পানীর Debt-Equity হারে সমতা আসবে এবং অত্র কোম্পানীর মূলধন খাতে ভারসাম্য প্রতিষ্ঠিত হবে। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী কর্তৃক প্রস্তাবিত প্রেফারেন্স শেয়ারের প্রকৃতি ও বৈশিষ্ট্য (Feature) সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষের নির্দেশনার ভিত্তিতে পরবর্তীকালে নির্ধারণ করা হবে।

উক্ত ১০০ কোটি টাকার প্রেফারেন্স শেয়ার ইস্যুর বিষয়ে 'বিশেষ সিদ্ধান্ত' গ্রহনের জন্য অত্র ২৬তম বার্ষিক সাধারণ সভার "বিশেষ আলোচ্যসূচী" হিসাবে বিবেচনা ও "বিশেষ সিদ্ধান্ত" হিসাবে অনুমোদনের জন্য অত্র কোম্পানীর উপস্থিত সকল সদস্যবৃন্দের নিকট পরিচালকমন্ডলী পেশ করছেন। যা নোটিশের মাধ্যমে অত্র কোম্পানীর সকল সদস্যদের নিকট অত্র সঙ্গে পাঠানো হয়েছে।

কোম্পানীর শেয়ারহোল্ডার সম্পর্কীত তথ্য

কোন কোম্পানীর প্রকৃত মালিক এর শেয়ারহোল্ডারবৃন্দ, প্রকৃতপক্ষে তাঁরাই কোম্পানীতে অর্থায়ন, পরিচালনা, গর্ভন্যান্স এবং নিয়ন্ত্রনের মত তাৎপর্যপূর্ণ বিষয়গুলিতে গুরুত্বপূর্ন অবদান রেখে থাকেন। এ বিষয়গুলি হতে উদ্ভুত সকল প্রকার ফলাফলের প্রকৃত সুবিধাভোগীও অত্র কোম্পানীর শেয়ারহোল্ডারগণ। যারা প্রত্যক্ষ ও পরোক্ষ বিভিন্নভাবে অত্র কোম্পানীর সার্বিক কর্মকান্ডের সাথে জড়িত আছেন ও থাকেন। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী তাদের উপর অর্পিত দায়িত্ব পালনের ক্ষেত্রে কোম্পানীর শেয়ারহোল্ডারদের স্বার্থসুরক্ষার সাথে তাদের জন্য আরো অধিক ইতিবাচক ফলাফল লাভের বিষয়ে সর্বদা সচেষ্ট রয়েছেন।

০৪/১০/২০১৮ ইং তারিখে অত্র কোম্পানীর রেকর্ড ডেট নির্ধারিত ছিল। উক্ত রেকর্ড ডেট অনুযায়ী অত্র কোম্পানীর শেয়ারহোল্ডারবৃন্দের সংখ্যা ছিল মোট ৬,৫৫১ জন। পূর্ববর্তী আর্থিক বৎসরের রেকর্ড ডেট (২০/১১/২০১৭ ইং তারিখ) অনুযায়ী অত্র কোম্পানীর শেয়ারহোল্ডারবৃন্দের সংখ্যা ছিল মোট ৬৮৫১ জন।

কোম্পানীর বর্তমান ইস্যুকৃত এবং পরিশোধিত মূলধনের পরিমান ২২,৫০,০৪,০০০/- (বাইশ কোটি পঞ্চাশ লক্ষ চার হাজার টাকা) মাত্র, যা উদ্যোক্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানিক বিনিয়োগকারী ও সাধারণ শেয়ারহোল্ডারগণের বিভাজিত রয়েছে।

কোম্পানীর সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী সকল শেয়ারহোল্ডারগনের স্বার্থ রক্ষার বিষয়ে সদা সচেষ্ট রয়েছেন। এছাড়াও তারা কোম্পানীর সংখ্যালঘু শেয়ারহোল্ডারগনের স্বার্থ সংরক্ষণের বিষয়ে বিশেষভাবে সর্তক ও যত্নবান রয়েছেন। কোম্পানী তার কর্ম পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়কে প্রতিষ্ঠা করেছেন এবং তা বজায় রাখার বিষয়ে অত্যন্ত সচেতন ও তৎপর রয়েছেন। সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ সংশ্লিষ্ট যে কোন বিষয়কে অত্র কোম্পানী সব সময় অগ্রাধিকার দিয়ে

থাকেন। যার কারনে অত্র কোম্পানী কর্তৃক ব্যবস্থাপনা ও পরিচালনার ক্ষেত্রে যে কোন কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ করা হলে তা দ্রুততার সাথে সমস্ত শেয়ারহোল্ডারদের অবগতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়। উদ্ভূত এ সংক্রান্ত যাবতীয় জিজ্ঞাসা/প্রশ্নের জবাব অনতিবিলম্বে অত্র কোম্পানীর ব্যবস্থাপনা পর্যায় হতে দেয়া হয়ে থাকে। তদুপরি অত্র কোম্পানীর যে কোন কৌশলগত সিদ্ধান্ত যা শেয়ারহোল্ডারদের স্বার্থকে প্রভাবিত করতে পারে বলে অনুমিত হয় সেগুলি এবং কোম্পানীর সার্বিক কর্মকান্ড সম্পর্কিত বিভিন্ন বিষয়সমুহ বিভিন্ন গণমাধ্যমের মাধ্যমে সংখ্যালঘু শেয়ারহোল্ডারদেরকে অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা অত্র কোম্পানী সাথে সাথে গ্রহণ করে থাকে।

পরিচালকমন্ডলী

১. অত্র কোম্পানীর চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক দুজন পৃথক ব্যক্তি। কোম্পানীর প্রতিষ্ঠার পর হতে এ দুটি পদের দায়িত্ব পৃথক ব্যক্তিদের দ্বারা সম্পন্ন হয়ে আসছে। যার ধারাবাহিকতা অত্র ২০১৭-২০১৮ আর্থিক বৎসরে অব্যহত ছিল। অত্র কোম্পানীর চেয়্যারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালকদের জীবন বৃত্তান্ত অত্র ২৬তম বার্ষিক প্রতিবেদনের প্রারম্ভে সংযোজিত হয়েছে।

২. অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী স্বতন্ত্রভাবে তাদের উপর অর্পিত দায়িত্ব অত্যন্ত দায়িত্বশীলতার সাথে পালন করে থাকেন। এ ক্ষেত্রে তাদেরকে কোন ভাবে প্রভাবিত করা হয় না। তাদের দায়িত্ব সর্ম্পকে Terms of Reference প্রণয়ন করা হয়েছে। পরিচালকমন্ডলী তা যথাযথভাবে অনুসরণ করেন। অত্র ২০১৭-২০১৮ বৎসরেও এ ধারা অব্যহত ছিল। এ সময়ে তাদের দায়িত্বপালনের ক্ষেত্রে কোন ধরনের হস্তক্ষেপ করা হয়নি বা তাদের সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রে কোন প্রকার প্রভাব বিস্তার করা হয়নি।

কোম্পানীর বর্তমান পরিচালকমন্ডলী ৮জন পরিচালকের সমন্বয়ে গঠিত হয়েছে। ২জন নিরপেক্ষ পরিচালক এবং ০৬ জন পরিচালক ও উদ্যেক্তা /সদস্যদের মধ্যে হতে পরিচালকমন্ডলী গঠিত হয়েছে। আলোচ্য বৎসরে পরিচালকমন্ডলীর বিবিধ দায়িত্ব পালনের পাশাপাশি নিম্নলিখিত দায়িত্বও পালন করেছেনঃ

- কোম্পানীর ব্যবস্থাপনা-পরিচালনায় যোগ্য নেতৃত্ব প্রদান;
- কোম্পানীর লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ, বাস্তবায়ণ ও পর্যবেক্ষণ;
- কোম্পানীর ব্যবসা বাণিজ্যের স্বার্থে কৌশলগত পরিকল্পনা ও প্রস্তাবনাসমূহ প্রণয়ন, বিবেচনা ও নির্ধারণ;
- কোম্পানীর ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদেরকে কোম্পানীর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে উদ্বুদ্ধ করা ও তাদের পারফরমেন্স বিবেচনা;
- কোম্পানীর বার্ষিক আর্থিক প্রতিবেদনের সত্যতা বিধান, অভ্যন্তরীন নিরীক্ষা ও নিয়ন্ত্রণ ব্যবস্থার যথোপযোগীতা বিধান করা;
- কোম্পানীর ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি ও এর সক্ষমতা যাচাইকরা ও ঝুঁকি হ্রাসের বিষয় নিশ্চিত করা;
- কোম্পানীর ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের জন্য যথাযথ পারিতোষিক বিবেচনা;
- নির্বাহী পরিচালকদের নিয়োগ, পারফরমেন্স বিবেচনা ও ব্যবস্থাপনায় সাকসেশন পরিকল্পনা।
- কোম্পানীর শেয়ারহোল্ডার ও অন্যান্য স্টেকহোল্ডারদের স্বার্থ সমুন্নত রাখার বিষয়কে গুরুত্ব প্রদান করে যাবতীয় কর্মপন্থা নির্ধারণ ও সম্পাদন করা ।

পরিচালকমন্ডলীর সভায় উপস্থিতির বিবরণ

আইনের প্রচলিত বিধান মোতাবেক প্রতিটি কোম্পানীর পরিচলকমন্ডলী নির্দিষ্ট সময় অন্তর অন্তর নিয়মিত ভাবে তাদের সভায় মিলিত হয়ে কোম্পানীর পরিচালনা, কৌশলগত, নীতিনির্ধারিণী এবং নিয়ন্ত্রনমূলক বিবিধ বিষয়ে সিদ্ধান্ত গ্রহনসহ কোম্পানীর সার্বিক কার্যক্রমের প্রকৃত অবস্থা বিচার বিশ্লেষন করে থাকেন। এ বিষয়ে সময়োপযোগী পদক্ষেপ গ্রহনের মাধ্যমে কোম্পানীর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের কাজকে নিয়মিত ভাবে মূল্যায়ন ও সঠিক পথে চালিত করার জন্য পদক্ষেপ নিয়ে থাকেন। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী নিয়মিত সভায় মিলিত হয়ে কোম্পানীর সার্বিক স্বার্থে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহন করেছেন ও প্রয়োজনীয় পদক্ষেপের সুপারিশ করেছেন। পরবর্তীতে তা পরিপালনের বিষয়টিও নিশ্চিত করেছেন। এছাড়াও প্রয়োজনের তাগিদেও তাদের অনেক সভা অনুষ্ঠিত হয়েছে। অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী তাদের সভায় বিভিন্ন বিষয়ে যৌথ সিদ্ধান্ত গ্রহনের ধারা অনুসরণ করার মাধ্যমে যে সকল বিষয়ে তাদের যৌথ সিদ্ধান্ত ও অনুমোদন প্রয়োজন তা দ্রুত নিস্পন্ন করার বিষয়েও অত্যন্ত সচেতন আছেন। পরিচালকমন্ডলী আলোচ্য ২০১৭-২০১৮ আর্থিক বৎসরে ১১ (এগার) টি সভায় মিলিত হয়েছেন। আলোচ্য সময়ে অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীর অনুষ্ঠিত সভায় পরিচালকদের উপস্থিতির বিবরণ এতদসঙ্গে দেওয়া হলঃ

পরিচালকবৃন্দের নাম	অনুষ্ঠিত সভার সংখ্যা	অনুষ্ঠিত সভায় উপস্থিতির সংখ্যা
আহমেদ আকবর সোবহান, চেয়ারম্যান	১১	১১
আফরোজা বেগম, পরিচালক	১১	১১
সাদাত সোবহান, পরিচালক	১১	০৯
সাফিয়াত সোবহান, পরিচালক	১১	১০
সায়েম সোবহান, ব্যবস্থাপনা পরিচালক	১১	১১
সাফওয়ান সোবহান, পরিচালক	১১	১০
খাজা আহমেদুর রহমান, নিরপেক্ষ পরিচালক	১১	১০
জিয়াউর রহমান, নিরপেক্ষ পরিচালক	১১	০৭

পরিচালকমন্ডলীর ধারনকৃত শেয়ার

৩০শে জুন, ২০১৮ ইং তারিখে সমাপ্ত সময়ে পরিচালকবৃন্দের ধারনকৃত শেয়ার সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

পরিচালকবৃন্দের নাম	শেয়ার সংখ্যা	শতকরা হার
আহমেদ আকবর সোবহান, চেয়ারম্যান	২৮,৫৯,২০০	১২.৭১
আফরোজা বেগম, পরিচালক	২৩,৩০,৭৪০	১০.৩৬
সাদাত সোবহান, পরিচালক	২২,০৩,৭৩০	৯.৭৯
সাফিয়াত সোবহান, পরিচালক	২০,২৮,৭৩০	৯.০২
সায়েম সোবহান, ব্যবস্থাপনা পরিচালক	৫,৭০,০০০	২.৫৩
সাফওয়ান সোবহান, পরিচালক	১২,০০,০০০	৫.৩৩
খাজা আহমেদুর রহমান, নিরপেক্ষ পরিচালক	-	-
জিয়াউর রহমান, নিরপেক্ষ পরিচালক	-	-

পরিচালকমন্ডলীর সম্মানী

৩০শে জুন, ২০১৮ ইং তারিখে সমাপ্ত আর্থিক বৎসরেও অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ অত্র কোম্পানী থেকে কোন ধরনের পারিতোষিক বা আর্থিক সুবিধাদি গ্রহণ করেননি।

পরিচালকদের পর্যায়ক্রমে অবসর গ্রহণ ও পূনঃনির্বাচন

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী প্রাতিষ্ঠানিক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের পাশাপাশি অগ্রগতি অর্জন এবং উত্তোরোত্তর তা বৃদ্ধির বিষয়ে বিশেষভাবে জোর দিয়ে থাকেন। পরিচালকমন্ডলী অত্র কোম্পানীর কর্মপন্থা নির্ধারন ও পরিচালনার ক্ষেত্রে শেয়ারহোল্ডার সহ সকল স্টেকহোল্ডারদের স্বার্থ যাতে সংরক্ষিত থাকে সেদিকে বিশেষ দৃষ্টি রেখেছেন। পরিচালকমন্ডলী অত্র কোম্পানীর আর্থিক ও ব্যবসায়িক বিভিন্ন বিষয়, চ্যালেঞ্জ সমূহ, নির্দেশনা প্রতিপালন, কর্পোরেট সুশাসন, সামাজিক দায়বদ্ধতা এবং প্রাতিষ্ঠানিক নৈতিকতা সংক্রান্ত বিবিধ বিষয়ে সিদ্ধান্ত ও নির্দেশনা প্রদান করে কোম্পানীকে যথাযথভাবে পরিচালিত করার বিষয়ে যথেষ্ট সচেষ্ট ছিলেন।

অত্র কোম্পানীর সংঘবিধির ধারা ১৩১ অনুযায়ী অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীর মধ্য হতে দুই জন পরিচালক ১. জনাব সাদাত সোবহান এবং ২. জনাব সাফিয়াত সোবহান অত্র ২৬তম বার্ষিক সাধারন সভায় পর্যায়ক্রমে (By rotation) অবসর গ্রহন করছেন। উল্লেখ্য অত্র কোম্পানীর সংঘবিধির ধারা ১৩৩ অনুযায়ী পর্যায়ক্রমে অবসর গ্রহণকারী উক্ত ২জন পরিচালকদের প্রত্যেকেরই পুনঃনির্বাচিত হওয়ার মত প্রয়োজনীয় যোগ্যতা রয়েছে বিধায় তারা পুনঃনির্বাচিত হওয়ার ইচ্ছা ব্যক্ত করেছেন। উক্ত ২জন পরিচালকের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত অত্র বার্ষিক প্রতিবেদনে অন্যান্য পরিচালকদের সাথে সন্নিবেশিত আছে।

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী অত্র ২৬তম বার্ষিক সাধারণ সভায় পর্যায়ক্রমে অবসর গ্রহণকারী উক্ত ২জন পরিচালককে পুনঃনির্বাচিত করার জন্য সুপারিশ করছেন।

নিরপেক্ষ পরিচালক

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সম্প্রতি তাদের প্রাতিষ্ঠানিক সুশাসন নির্দেশনাকে সংশোধন পূর্বক প্রাতিষ্ঠানিক সুশাসন কোড হিসাবে পুনরায় জারী করেছেন যা (নোটিফিকেশন নম্বরঃ বিএসইসি/সিএমআরআর-সি-ডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০) তারিখ ০৩/০৬/২০১৮ ইং এ জারী হয়েছে। উক্ত কোড অনুযায়ী প্রতিটি তালিকাভুক্ত কোম্পানীকে পরিচালকমন্ডলীর ১/৫ অংশ নিরপেক্ষ পরিচালক রাখার বিধান রয়েছে।

নিযুক্ত নিরপেক্ষ পরিচালকগনের উক্ত নিয়োজিত প্রতিষ্ঠানের সাথে আর্থিক বা অন্য কোনভাবে স্বার্থ সংযুক্ত থাকতে পারবে না। এছাড়া নিরপেক্ষ পরিচালককে ব্যবসা-বাণিজ্য সর্ম্পকে জ্ঞান ও ১২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হবার পাশাপাশি সৎ ও বিবেচক হওয়ার বাধ্য বাধকতা রয়েছে। এছাড়া প্রাতিষ্ঠানিক বিবিধ আইন-কানুন, নীতি ও নির্দেশনা অনুধাবন করা ও তাদেরকে তা প্রতিপালনের বিষয়ে সজাগ থাকার যোগ্যতা সম্পন্ন হতে হবে।

জারীকৃত কর্পোরেট গর্ভন্যান্স নির্দেশনা পরিপালনার্থে অত্র কোম্পানীতে ২ জন নিরপেক্ষ পরিচালক নিযুক্ত রয়েছেন। তারা হলেন সর্বজনাব খাজা আহমেদুর রহমান ও জিয়াউর রহমান। তারা বিগত আর্থিক বৎসরে তাদের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করেছেন। উক্ত ০২ জন নিরপেক্ষ পরিচালকগনের প্রত্যেকেই পর পর দুই মেয়াদে অত্র কোম্পানীতে নিয়োজিত রয়েছেন। তাদের দ্বিতীয় মেয়াদ সমপনান্তে নতুন ০২ জন নিরপেক্ষ পরিচালককে তাদের পরিবর্তে নিয়োগের বিষয়ে ইতিমধ্যে অত্র কোম্পানীর নমিনেশন ও রেমুনারেশন কমিটি কাজ শুরু করেছেন।

নিরপেক্ষ পরিচালকদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত অত্র বার্ষিক প্রতিবেদনে অন্যান্য পরিচালকদের সাথে সন্নিবেশিত আছে।

নিরীক্ষা কমিটি

মেঘনা সিমেন্ট মিলস্ লিমিটেড-এর পরিচালকমন্ডলী কতৃর্ক বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত কর্পোরেট গর্ভন্যান্স কোড যার নং ঃ বিএসইসি/সিএমআরআরসি-ডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখ ০৩/০৬/২০১৮ ইং তারিখ অনুযায়ী অত্র কোম্পানীর নিরীক্ষা কমিটিকে পূণর্গঠন করা হয়েছে।

নিরীক্ষা কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন প্রস্তুত প্রক্রিয়া নিরীক্ষা কার্যাদি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, আইন-কানুন, নীতি ও নির্দেশনা প্রতিপালন ইত্যাদি নানাবিধ বিষয়সমূহ যথাযথ ভাবে অনুসৃত হবার বিষয়কে পযবেক্ষণ ও নিশ্চিত করেন। এছাড়া হিসাব রক্ষনও আর্থিক প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে বিশেষ ধারা ও পদ্ধতি, বিভিন্ন সময়ে জারীকৃত ও প্রচলিত নির্দেশনা সঠিক প্রতিপালিত হয়েছে কিনা এবং প্রকাশিত বিভিন্ন প্রতিবেদনে তা যথাযথ ভাবে উপস্থাপিত হয়েছে কিনা তা নিরীক্ষা কমিটি পর্যবেক্ষণ ও প্রয়োজনে নির্দেশনা দান করেন। আর্থিক বৎসরের বিভিন্ন সময়ে প্রস্তুতকৃত ও প্রকাশিত আর্থিক প্রতিবেদনসমূহ যথা নিয়মে ও পদ্ধতিতে সম্পন্ন হয়েছে কিনা তাও উক্ত কমিটি যাচাই করে থাকেন। এছাড়াও বিভিন্ন পর্যায়ের নিরীক্ষার মাধ্যমে প্রাপ্ত বিবিধ তথ্য ও ফলাফল এ সংক্রান্ত মানদন্ড অনুযায়ী হয়েছে কিনা এবং যে সকল তথ্য প্রকাশ করার বাধ্যবাধকতা আছে তা যথানিয়মে ও সময়ে দাখিল ও প্রকাশিত হয়েছে কিনা তাও উক্ত কমিটি যাচাই করে থাকেন।

অত্র কোম্পানীর নিরীক্ষা কমিটি একটি দায়িত্ব সম্পন্ন ও অভিজ্ঞতা সমৃদ্ধ কমিটি। আলোচ্য আর্থিক বৎসরে নিরীক্ষা কমিটি অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীকে প্রতিষ্ঠানিক সুশাসন সংক্রান্ত বিবিধ বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা দিয়েছেন। এ কাজে তারা অত্র কোম্পানীর অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষকদের দায়িত্ব পালনের বিভিন্ন দিক, অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা, আর্থিক হিসাব রক্ষণ ও তার প্রতিবেদন প্রস্তুত, ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি ইত্যাদি বিষয়গুলিকে পর্যবেক্ষণসহ প্রয়োজনীয় সুপারিশ অত্র কোম্পানীর পরিচালকমন্ডলীকে সময়ে সময়ে অবহিত ও প্রদান করেছেন।

আর্থিক প্রতিবেদনের বিস্তারিত ও ধারাবাহিক বিচার-বিশ্লেষণ, পর্যবেক্ষণ এবং পরামর্শ প্রদানের মাধ্যমে উক্ত নিরীক্ষা কমিটি তাদের উপর অর্পিত দায়িত্ব ও কার্যভার দক্ষতা, নির্ভরযোগ্যতা ও বিশ্বস্ততার সাথে পালন করেছেন। পরিচালকমন্ডলী কর্তৃক নিযুক্ত উক্ত নিরীক্ষা কমিটিতে অর্ন্তভূক্ত সদস্যগণের মধ্যে রয়েছেন সর্বজনাব খাজা আহমেদুর রহমান এবং জিয়াউর রহমান, উভয়ই অত্র কোম্পানীর নিরপেক্ষ পরিচালক এবং জনাব সাফওয়ান সোবহান অত্র কোম্পানীর একজন উদ্যোক্তা পরিচালক। এছাড়া নিরপেক্ষ পরিচালক জনাব খাজা আহমেদুর রহমান উক্ত নিরীক্ষা কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের উক্ত কোড অনুসারে অত্র কোম্পানীর কোম্পানী সচিব জনাব এম. নাসিমুল হাই এফসিএস নিরীক্ষা কমিটির সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেছেন। নিরীক্ষা কমিটির সকল সদস্যগণেরই আর্থিক ও ব্যবসা-বাণিজ্য সম্পর্কীত জ্ঞান ও অভিজ্ঞতা, সংশ্লিষ্ট আইন-কানুন, নীতি-নির্দেশনা এবং তা প্রতিপালনের বিষয়সমূহ সম্পর্কে অভিজ্ঞতা, জ্ঞান ও সম্যক ধারনা রয়েছে।

অত্র কোম্পানীর নিরীক্ষা কমিটি প্রধানত: দায় দায়িত্বের মধ্যে রয়েছে:

- কোম্পানীর হিসাব সংরক্ষণ ও তা সার্বিক ভাবে অনুসরণের বিষয় পর্যবেক্ষণ করা।
- আর্থিক বিবরণী প্রস্তুত ও তা যথাসময়ে ও পদ্ধতিতে প্রকাশ করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ।
- প্রতিপালনীয় বিভিন্ন বিষয়সমূহ নিয়ন্ত্রক সংস্থা প্রবর্তিত নির্দেশনা অনুযায়ী হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথ ভাবে কার্যকর আছে কিনা তা যাচাই করা।
- অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা সঠিক ভাবে কার্য সম্পাদন করতে পেরেছে কিনা তা যাচাই এবং উক্ত নিরীক্ষার মান যাচাই করা।
- বিধিবদ্ধ নিরীক্ষকদেরকে নিয়োগ এবং তাদের সম্পাদিত কাজের মান এবং নিরপেক্ষ ভাবে তাদের কাজ করার বিষয়কে যাচাই করা।
- অত্র প্রতিষ্ঠানের বিবিধ ঝুঁকি ব্যবস্থাপনা যথানিয়মে সঠিকভাবে পালিত হচ্ছে কিনা তা যাচাই ও প্রয়োজনে উক্ত বিষয়ে পরামর্শ প্রদান করা।

নিরীক্ষা কমিটির কার্যক্রমের প্রতিবেদন অত্র বার্ষিক প্রতিবেদনের সাথে সন্নিবেশিত করা হয়েছে।

নিরীক্ষক

অত্র কোম্পানীর বর্তমান বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে মেসার্স ইসলাম আফতাব কামরুল এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস আলোচ্য ২০১৭-২০১৮ ইং বৎসরে তাদের দায়িত্ব পালন করেছেন। তাদের ২য় বৎসরের দায়িত্ব পালনের মেয়াদ অত্র ২৬তম বার্ষিক সাধারন সভায় পূর্ণ হচ্ছে এবং যোগ্য-বিধায় তাদেরকে পুনরায় নিয়োগের জন্য তারা অনুরোধ জানিয়েছেন।

ইতিমধ্যে অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী একজন সম্মানিত শেয়ারহোল্ডারের কাছ হতে বর্তমান নিরীক্ষকের স্থলে মেসার্স মাহফেল হক এন্ড কোং-কে চার্টার্ড একাউন্ট্যান্টসকেনিরীক্ষক হিসাবে নিয়োগের জন্য প্রস্তাব প্রদান করেছেন। যার প্রেক্ষিতে অত্র কোম্পানীর পরিচালক মন্ডলী বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের জন্য উক্ত বিষয়টি অত্র ২৬তম বার্ষিক সভায় ১,২৫,০০০/= টাকা বার্ষিক নিরীক্ষা ফিস নির্ধারণ পূর্বক সিদ্ধান্ত গ্রহণ ও তা অনুমোদনের জন্য পেশ করছেন।

নির্বাহী কর্মকর্তাবৃন্দের ধারণকৃত শেয়ার সংক্রান্ত তথ্য

৩০ শে জুন, ২০১৮ ইং তারিখে অত্র কোম্পানীর কর্মকর্তাবৃন্দের ধারনকৃত শেয়ার সম্পর্কীত তথ্য নিম্নের তালিকায় দেয়া হয়েছেঃ

নির্বাহী কর্মকর্তাদের নাম	ধারণকৃত শেয়ার সংখ্যা		
	নিজ	স্বামী/স্ত্রী	সন্তানাদি (অপ্রাপ্ত বয়স্ক)
মো. বেলায়েত হোসেন, উর্দ্ধতন উপ-ব্যবস্থাপনা পরিচালক	-	-	-
এ.কে.এম মাহবুব-উজ-জামান উপ-ব্যবস্থাপনা পরিচালক	-	-	-
এ.আর. রশিদী উপদেষ্টা	১০	-	-
ময়নাল হোসেন চৌধুরী উপদেষ্টা	-	-	-
এম. নাসিমুল হাই এফসিএস কোম্পানী সচিব	১০	-	
মোঃ তোফায়েল হোসেন প্রধান অর্থ কর্মকর্তা	-	-	-
মো. রবিউল ইসলাম নির্বাহী পরিচালক (হিসাব ও অর্থ)	-	-	-
এস.এম. বখতিয়ার মাহমুদ হেড অব ইন্টারনাল অডিট এণ্ড কন্ট্রোল	-	-	-

অত্র কোম্পানীর উর্দ্ধতন নির্বাহী কর্মকর্তাদের সম্পর্কীত তথ্যাদি সংক্ষিপ্ত আকারে অত্র বার্ষিক প্রতিবেদনের ৮০নং পৃষ্ঠায় সংযুক্ত করা হয়েছে।

প্রাতিষ্ঠানিক সুশাসন (কর্পোরেট গভর্ন্যান্স)

উন্নয়ন একটি চলমান প্রক্রিয়া এবং তা রাতারাতি অর্জিত হয় না। উন্নয়নের জন্য সর্বাগ্রে প্রয়োজন উন্নয়নবান্ধব যথোপযুক্ত নিয়ম-নীতি এবং তার যথাযথ বাস্তবায়নের সদিচ্ছা ও বাস্তাবরূপ প্রদানের প্রক্রিয়া গ্রহণ ও বাস্তবায়ন। অর্থনৈতিক উন্নয়নের ধারাকে বেগবান করার জন্য প্রয়োজন নিষ্ঠা ও আন্তরিকতার সাথে তা বাস্তবায়নের জন্য দৃঢ় পদক্ষেপ। আর সার্বিক অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রয়োজন সুশাসন, পরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন,যাবতীয় সম্পদের (অর্থ, মানবসম্পদ ইত্যাদি) যথাযথ প্রয়োগ ও সুষম ব্যবহার ।

প্রাতিষ্ঠানিক সুশাসনের লক্ষ্য হলো প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনায় জবাবদিহিতা প্রতিষ্ঠাও নিশ্চিতকরন এবং প্রতিষ্ঠানের সার্বিক কাঠামোতে পরিপূর্ণভাবে স্বচ্ছতা আনয়ন করা। প্রাতিষ্ঠানিক সুশাসন হলো প্রয়োজনীয় যাবতীয় নিয়ম-কানুন, নির্দেশনা, নীতিমালা, অনুসরনীয় পদ্ধতি এবং এগুলির চর্চার একটি সমন্বিত পদ্ধতি। প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠার জন্য যা অতীব প্রয়োজন।

সকল সদস্য ও সংশ্লিষ্ট পক্ষসমূহের স্বার্থে কর্পোরেট ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন ও জবাবদিহিতা নিশ্চিতকরন, শেয়ারহোল্ডার-গণের স্বার্থকে অগ্রাধিকার প্রদান এবং স্বার্থ সংশ্লিষ্ট সকল পক্ষগনের স্বার্থসংরক্ষণকে অগ্রাধিকার প্রদান, প্রচলিত আইন-কানুন নির্দেশনা এবং নীতিমালাসমূহকে যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন, ব্যবসায়িক কার্যক্রমসহ যাবতীয় প্রাতিষ্ঠানিক কার্যক্রমে স্বচ্ছতা বিধান, নিয়মিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা পর্যবেক্ষণ এবং ব্যবস্থাপনীয় নিয়ন্ত্রন প্রতিষ্ঠা ও তা বজায় রাখার মত বিষয়াদিকে নিশ্চিত করা। প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠিত হলে কোম্পানীর প্রতি এর শেয়ারহোল্ডারগণ এবং স্বার্থ-সংশ্লিষ্ট সকলপক্ষের আস্থা ও নির্ভরশীলতা বৃদ্ধি পায়। এটি প্রতিষ্ঠানকে তার ষ্টেকহোল্ডারদের অধিকারের স্বীকৃতি প্রদান ও স্বার্থ সংরক্ষণের বিষয়ে অত্যন্ত সক্রিয় থাকতে বাধ্য করে। বর্তমান বিশ্বে প্রাতিষ্ঠানিক সুশাসন একটি গ্রহণযোগ্য ও স্বীকৃত ব্যবস্থা।

জবাবদিহিতা, স্বচ্ছতা, পরিবেশ ও সামাজিক দায়িত্ব পালনের বিষয়গুলি দীর্ঘ মেয়াদি উন্নয়ন ও স্থায়ীত্বের ক্ষেত্রে বড় নিয়ামক এবং এর অবিচ্ছেদ্য অংশও বটে। কর্পোরেট সুশাসন এমন একটি ব্যবস্থা যা কোম্পানীর সাথে বিভিন্নভাবে অংশগ্রহনকারী ও স্বার্থ সংশ্লিষ্ট পক্ষসমূহের অধিকারের বিষয়কে নিশ্চিত করে। দেশের প্রচলিত যাবতীয় আইন, বিধি-বিধান ও নীতিমালাসমূহ, অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাসমূহের আদেশ, নির্দেশ ও উপদেশসমূহ পরিপালনের বিষয়াদি, প্রতিষ্ঠানের অভ্যন্তরীন ব্যবস্থাপনীয় বিভিন্ন বিষয়ে নীতিমালা প্রনয়ণ ও তা পরিপালনের বিষয়াদি, প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনীয় নিয়ন্ত্রন প্রতিষ্ঠা ও তা বজায় রাখার বিষয়াদি পরিপালনের বিষয়গুলি প্রাতিষ্ঠানিক সুশাসনব্যবস্থার মাধ্যমে নিশ্চিত হয়ে থাকে। কোম্পানীর যাবতীয় উদ্দেশ্য পূরণ, তত্ত্বাবধান, স্থায়ীত্ব বিধান ও মূল্যায়নসহ কোম্পানীর দীর্ঘমেয়াদী ও কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্য পূরনের কর্মধারায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ পদ্ধতিতে কোম্পানীর কার্যক্রম সঠিকভাবে ও স্বচ্ছতার সাথে নির্দেশিত, পরিচালিত, প্রকাশিত ও নিয়ন্ত্রিত হয়ে থাকে। কোম্পানীর শেয়ারহোল্ডারগণ, ঋণদাতা, গ্রাহক ও ভোক্তা, সরবরাহকারী, প্রচলিত আইন ও নিয়মকানুনের প্রতিপালন ও অনুসরন, নিয়ন্ত্রক সংস্থা সমূহ, পরিবেশ ও সমাজসহ স্বার্থ সংশ্লিষ্ট সকল পক্ষগনের নিকট কোম্পানী এবং এর ব্যবস্থাপনার দায়বদ্ধতা ও জবাবদিহিতার বিষয়টিও এর মাধ্যমে নিশ্চিত করা হয়। প্রাতিষ্ঠানিক সুশাসন ব্যবস্থার মাধ্যমে আরোও নিশ্চিত করা হয় যে, পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনাটীমের যৌথ কর্মকৌশলের ভিত্তিতেই কোন কোম্পানী সুষ্ঠুভাবে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়। যাতে দীর্ঘমেয়াদে কোন প্রতিষ্ঠান তার কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন করার সাথে শেয়ারহোল্ডারগণ এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের সার্বিক স্বার্থ প্রয়োজনীয়স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে অর্জিত হয়। আর স্বল্প ও দীর্ঘ উভয় মেয়াদে তা অব্যহত ভাবে তা অনুসরিত হয়।

প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনার বিভিন্ন স্তরের সাথে সংশ্লিষ্ট সকলের ভূমিকা ও নিষ্ঠা কর্মস্পৃহার উপর বিশেষ জোর দেয়া হয়। জবাবদিহিতা নিশ্চিতকরণ সম্পন্ন ফলে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ব্যবস্থাপনীয় দক্ষতার মানোন্নয়ন ঘটে, আইন ও বিধি-বিধান পরিপালনের বিষয়টি নিশ্চিত করা সম্ভব হয়। আইন কানুন, নিয়মনীতি এবং বিধি-বিধান প্রতিপালন এড়ানোর, প্রবনতা হ্রাস পায় ও পরিহারের হার কমে যাওয়ায় সার্বিক আইনী জটিলতাও বহুলাংশে হ্রাস পায়।

প্রাতিষ্ঠানিক সুশাসন বাস্তবায়ন সনদ

প্রতিষ্ঠানের প্রতিটি কর্মস্তরের কর্মকৌশল নির্ধারণ, তা বাস্তবায়ন, প্রযোজ্য যাবতীয় আইন, নীতি ও নিদের্শনা অনুসরণ ও তা প্রতিপালনের ক্ষেত্রে সমন্বয় ও যথার্থতা থাকার প্রয়োজনীয়তা রয়েছে। যা কর্পোরেট সুশাসন অর্জনের ধারাকে বেগবান করে থাকে। অত্র কোম্পানী আলোচ্য আর্থিক বৎসরে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের এর জারীকৃত কর্পোরেট সুশাসন কোড-এ উল্লেখিত যাবতীয় নিদের্শনা সমূহ যথাযথ ভাবে প্রতিপালন ও অনুসরণ করেছে।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের উক্ত কোড অনুসরণ যথাযথ ভাবে পতিপালন করা হয়েছে কিনা তৎসম্পর্কে যাচাই পূর্বক সনদপত্র প্রদানের নিমিত্তে মের্সাস ইতরাত হোসেন এন্ড এসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারী ইন প্র্যাকটিসকে নিয়োগ দেয়া হয়েছিল। উক্ত প্রতিষ্ঠান আলোচ্য ২০১৭-২০১৮ আর্থিক বৎসরে অত্র কোম্পানীর কর্পোরেট সুশাসন কোড অনুসরণ ও প্রতিপালন সংক্রান্ত নিরীক্ষা কার্য সম্পাদন শেষে এসংক্রান্ত সনদপত্র প্রদান করেছেন। যা অত্র বার্ষিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে। এছাড়া কর্পোরেট সুশাসনের ক্ষেত্রে ইস্যুভিত্তিক প্রতিপালনের বিষয়গুলি যা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন ও কর্পোরেট সুশাসন কোডে নির্দেশিত রয়েছে, এ সংক্রান্ত প্রতিবেদনও অত্র বার্ষিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে (সংযুক্তি-B)।

প্রতিটি গতিশীল প্রতিষ্ঠানের স্বল্প ও দীর্ঘমেয়াদী লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে অভ্যন্তরীণ পরিচালন ব্যবস্থাপনা চালিত হয়ে থাকে। স্বল্প ও দীর্ঘমেয়াদী লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের প্রতিকূল ও বন্ধুর পথে প্রাতিষ্ঠানিক সুশাশন ব্যবস্থা সহায়ক হিসাবে বড় ভূমিকা পালন করে থাকে।

অত্র কোম্পানী এর প্রতিষ্ঠালগ্ন হতে এর যাবতীয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে সচেষ্ট ছিল এবং রয়েছে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত কর্পোরেট গর্ভন্যান্স কোড অনুযায়ী প্রাতিষ্ঠানিক সুশাসন সম্পর্কিত বিধান-সমূহ আলোচ্য ০১লা জুলাই ২০১৭ ইং হতে ৩০শে জুন, ২০১৮ ইং সময়েও অত্র প্রতিষ্ঠান যথাযথ ও গুরুত্বের সাথে প্রতিপালনে সচেষ্ট ছিল।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত কর্পোরেট গর্ভন্যান্স কোডের প্রেক্ষিতে অত্র কোম্পানীর পরিচা-লকমন্ডলী ইতিপূর্বে মেসার্স ইত্রাত হোসেন এন্ড এসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারিজ ইন প্র্যাকটিসকে কর্পোরেট গর্ভন্যান্স কোডে উল্লেখিত বিধান অত্র কোম্পানীতে সঠিক ও যথাযথ ভাবে প্রতিপালিত হয়েছে কিনা তৎসংক্রান্ত নিরীক্ষণের জন্য এবং কর্পোরেট গর্ভন্যান্স কোড প্রতিপালন সংক্রান্ত সনদ প্রদানের জন্য নিয়োগ দান করেছিলেন। উল্লেখ্য, পূর্ববর্তী বৎসরেও উক্ত প্রতিষ্ঠান অত্র কোম্পানী কর্তৃক কর্পোরেট গর্ভন্যান্স গাইডলাইন সম্পর্কিত বিধানাবলী পালন পর্যবেক্ষণের দায়িত্ব পালন করেছেন।

প্রাতিষ্ঠানিক সুশাসন বাস্তবায়ণ সংক্রান্ত সনদ প্রদানের জন্য নিযুক্তি

মেসার্স ইতরাত হোসেন এন্ড এসোসিয়েটস চার্টার্ড সেক্রেটারীজ ইন প্র্যাকটিস আলোচ্য ২০১৭-২০১৮ আর্থিক বৎসরে অত্র কোম্পানী কর্তৃক কর্পোরেট সুশাসন কোড যথাযথ ভাবে প্রতিপালন ও অনুসরণ করা হয়েছে কিনা তা নিরীক্ষান্তে সনদ প্রদানের জন্য ইতিপূর্বে নিযুক্ত হয়েছিলেন।

অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী উক্ত মের্সাস ইতরাত হোসেন এন্ড এসোসিয়েটস চার্টার্ড সেক্রেটারীজ ইন প্র্যাকটিস কে ২০১৮-২০১৯ ইং আর্থিক বৎসরের জন্য টাকা ৯০,০০০/= ফিস প্রদান সাপেক্ষে নিয়োগ প্রদানের জন্য সুপারিশ করেছেন। এবং তা অত্র ২৬ তম বার্ষিক সাধারণ সভায় সদস্যদের নিকট অনুমোদনের জন্য পেশ করছেন।

প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতা

দায়িত্বশীলভাবে ব্যবসা-বাণিজ্য পরিচালনার সাথে কোন প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতার এক নিবিড় সর্ম্পক রয়েছে। প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা অনুশীলণ করার ক্ষেত্রে সামাজিক, পরিবেশ, প্রতিবেশ ও অর্থনৈতিক বিবিধ বিষয়গুলির প্রতি বিশেষ দৃষ্টি প্রদান করা হয়ে থাকে। এ দায়বদ্ধতা কোন প্রতিষ্ঠানের জন্য স্বনিয়ন্ত্রণের একটি পদ্ধতি। যার মাধ্যমে প্রতিষ্ঠান এর যাবতীয় কর্ম সম্পাদনের ফলশ্রুতিতে সমাজ, রাষ্ট্র ও পরিবেশের উপর কিভাবে প্রভাব ফেলে থাকে তা প্রতিভাত হয়।

বসুন্ধরা গ্রুপ এদেশের একটি উল্লেখযোগ্য বাণিজ্যিক শিল্প প্রতিষ্ঠান। উক্ত গ্রুপ এর ভোক্তা এবং দেশের সার্বিক উন্নয়ণের সাথে অত্যন্ত সম্পৃক্ত। এ গ্রুপের আর্দশবাক্য (Motto) নির্ধারন করা হয়েছে "দেশ ও মানুষের কল্যাণে"।

মেঘনা সিমেন্ট মিলস লিঃ বসুন্ধরা গ্রুপের একটি অঙ্গ প্রতিষ্ঠান। প্রতিষ্ঠালগ্ন হতে অত্র শিল্প প্রতিষ্ঠানটি দেশ ও দেশের মানুষকে এর মানসম্পন্ন পণ্য উৎপাদন ও সাশ্রীয়মূল্য সরবরাহের মাধ্যমে সেবা দান করে চলেছে। শুরু থেকেই অত্র কোম্পানী প্রতি বৎসরের আয়ের একটি বড় অংশ রাষ্ট্রীয় কোষাগারে জমা দান করে আসছে। অত্র কোম্পানীর বিভিন্ন সামাজিক উদ্যোগ গ্রহনের মাধ্যমে সমাজের বিভিন্ন স্তরের মানুষ ও প্রতিষ্ঠানকে সহযোগিতা ও সহায়তা দান করে চলেছে।

আলোচ্য ২০১৭-২০১৮ আর্থিক বছরে অত্র কোম্পানী যে সকল উদ্যোগ সহায়তা ও সহযোগীতামূলক কাজ করেছে, তারমধ্যে অন্যতম হলঃ

১. জরুরি ও প্রকৃতিক দুর্যোগের সময় এলাকায় ঔষধ, শুকনা খাদ্য সামগ্রী, গরম জামকাপড়, এলাকার পুকুররের লবনাক্ত পানি দূর করার জন্য সহায়তা, পানীয় জলের জন্য গভীর নলকূপ স্থাপন এবং আর্থিক সহায়তা প্রদান ইত্যাদি।

২. স্বাধীনতা যুদ্ধের উদ্দীপনাকে সমুন্নত রাখার স্বার্থে বিভিন্ন ধরণের কর্মসূচীতে সহায়তা প্রদান এবং মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনাদের কল্যাণার্থে আর্থিক সহায়তা প্রদান।

৩. তালু ও ঠোঁট কাটা রোগী, চোখের ছানি, ক্যান্সার, কুষ্ঠ এবং হৃদরোগে আক্রান্তদেরকে সহায়তা প্রদান

৪. বিভিন্ন দুর্ঘটনায় আহত ও এসিড আক্রমনের শিকার রোগীদেরকে ও আগুনে পুড়ে আহত দরিদ্র রোগীদেরকে সহায়তা প্রদান।

৫. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ, মাল্টি মিডিয়া ও ফটোকপিয়ার ইত্যাদি প্রদানের মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে সহায়তা প্রদান।

৬. দেশের অন্যতম প্রতিশ্রুতিশীল ক্রীড়া সংগঠন "শেখ রাসেল ক্রীড়া চক্র লিঃ- এর প্রধান পৃষ্ঠপোষকতার দায়িত্বও অত্র কোম্পানী পালন করে চলেছে। যার ফলে উক্ত সংগঠন দেশের বিভিন্ন ধরনের খেলাধুলার ক্রীড়াবিদগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সহায়তা দান করতে সক্ষম হচ্ছে।

৭. দেশের বিভিন্ন অঞ্চলের দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে বৃত্তি প্রদানের মাধ্যমে তাদের শিক্ষা গ্রহণের সুযোগ বজায় রাখতে সহায়তা দান।

কৃতজ্ঞতা জ্ঞাপন

মেঘনা সিমেন্ট মিলস লিঃ-এর পরিচালকমন্ডলী অত্র কোম্পানীর কার্যক্রম পরিচালনায় সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, পৃষ্ঠপোষক এবং শুভানুধ্যায়ীগণ যে আস্থা ও সহানুভূতির সাথে সহযোগিতা প্রদান করেছেন তার জন্য গভীর ও আন্তরিক ভাবে তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন। আলোচ্য ০১লা জুলাই ২০১৭ ইং হতে ৩০শে জুন, ২০১৮ ইং সময়ে তাদের সহযোগিতা ও সমর্থনের ধারা অব্যাহত রাখার ফলেই মেঘনা সিমেন্ট মিলস লিঃ উক্ত সময়ে শত প্রতিকুলতা সত্ত্বেও সার্বিক অর্জনের ধারা বজায় রাখতে সক্ষম হয়েছে। পরিচালকমন্ডলী এতদসঙ্গে - ডাচ-বাংলা ব্যাংক লিঃ, সাউথইস্ট ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, এবি ব্যাংক লিঃ, মিউচ্যুয়্যাল ট্রাষ্ট ব্যাংক লিঃ, অগ্রনী ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, জনতা ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, ট্রাস্ট ব্যাংক লিঃ, ফার্মার্স ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, এন.সি.সি ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, ইউনিয়ন ব্যাংক লিঃ, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ এবং IDCOL, সহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানসমূহ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, বিনিয়োগ বোর্ডসহ বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও অন্যান্য প্রতিষ্ঠানের অবদানের কথা আন্তরিক কৃতজ্ঞতার সাথে স্মরণ করছেন। অর্থনৈতিক সার্বিক প্রতিকূল পরিস্থিতি ও মন্দাবস্থা বিরাজমান সত্ত্বেও এ পর্যন্ত কোম্পানী তার সাফল্যের যে ধারা বজায় রাখতে পেরেছে তা এসকল প্রতিষ্ঠানের আন্তরিক ও সার্বিক সহযোগিতা ব্যাতিরেকে আদৌ সম্ভবপর ছিল না।

মেঘনা সিমেন্ট মিলস লিঃ-এর ধারাবাহিক সাফল্য অর্জন করার ক্ষেত্রে সম্মানিত ভোক্তা ও এর সিমেন্টের ডিলারদের সার্বিক সহায়তার বিষয়টি অত্র কোম্পানীর পরিচালক মন্ডলী গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছেন এবং এজন্য তাদেরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছেন।

অত্র কোম্পানীর সাফল্য অর্জন এবং সুষ্ঠুভাবে পরিচালনার ব্যাপারে কোম্পানীর সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নিরলস, ঐকান্তিক ও নিষ্ঠাপূর্ণ সেবাদানের কথাও অত্র কোম্পানীর পরিচালকমন্ডলী প্রশংসা ও কৃতজ্ঞতার সাথে স্মরণ করছেন।

উপসংহার

অত্র কোম্পানী এ দেশের ব্যবসা- বাণিজ্য ও শিল্পখাতের একটি তীব্র সংবেদনশীল খাত তথা সিমেন্ট খাতে অবস্থিত যে পণ্য ও সেবার ভোক্তাগণ পণ্য মূল্যের প্রতি বেশ সংবেদনশীল। এ খাতে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রতিযোগীতামূলক মূল্য প্রধান বিবেচ্য নয়। ভোক্তাদের আস্থা অর্জন করা ও তা ধরে রাখার বিষয়গুলিও গুরুত্বপূর্ণ প্রভাবক। অত্র কোম্পানী সিমেন্ট খাতে পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের কার্যক্রম দীর্ঘদিন যাবৎ পরিচালনা করে আসছে। এ দেশের সিমেন্ট খাতে ১২৬টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে, যার প্রায় অর্ধেক উৎপাদনে আছে। সিমেন্ট উৎপাদকদের উৎপাদিত পণ্যের বেশীরভাগের মানই প্রায় সমপ-র্যায়ের।

এতদসত্ত্বেও সরকারী খাতে বিভিন্ন বৃহদায়তন নির্মাণ স্থাপনার প্রকল্প বাস্তবায়নে কাজ শুরু হওয়ায় এবং বেসরকারী উদ্যোগে নগরায়ণের বহু প্রকল্পের চলমান ও সম্ভাব্যতা থাকায় সিমেন্ট খাতে উল্লেখযোগ্য অগ্রগতির সম্ভাবনা রয়েছে। এদেশের ব্যক্তিপর্যায়ের ভোক্তাদের হার প্রায় ৬০%। যারা দেশে বর্তমানে বিরাজমান মুদ্রাস্ফিতি, বৈদেশিক মুদ্রার নিম্মমুখী অন্তঃপ্রবাহ ও জীবনযাত্রা নির্বাহের খরচ অতিমাত্রায় বৃদ্ধি ইত্যাদি বিভিন্ন প্রতিকূল অবস্থার শিকার। যার নেতিবাচক প্রভাব দৃষ্ট হচ্ছে আবাসিক বাসস্থান নির্মাণের ক্ষেত্রে। আবার শিল্পখাতে নির্মান কাজের ধারায়ও স্থবিরতা দেখা যাচ্ছে। যার প্রধান কারণ বাণিজ্য ও শিল্পখাতে মূলধণী ঋণের প্রবাহে ভাটা। এর সাথে আবার অন্যান্য বিষয় সমুহ যেমন মূলধনী যন্ত্রপাতির উচ্চমূল্য, বিদ্যুৎ ও জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি, ঘন ঘন বৈদেশিক মুদ্রা বিশেষতঃ ডলারের মূল্য বৃদ্ধির ফলে আমদানী ব্যয় বৃদ্ধি, অন্তর্জাতিক বাজারে সিমেন্টের কাঁচামালের মূল্যবৃদ্ধি, স্থানীয় বাজারে ব্যক্তিপর্যায়ের নির্মাণ খাতে স্থবিরতার কারণে নির্মান সামগ্রীর চাহিদা হ্রাস ইত্যাদি নানাবিধ বিষয় সিমেন্ট শিল্পখাতে নেতিবাচক প্রভাব ফেলেছে।

এ সকল সীমাবদ্ধতা সত্ত্বেও অত্র কোম্পানীর পরিচালক ও ব্যবস্থাপনায় জড়িত সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ সকল প্রতিকূলতাকে অতিক্রম করা সম্ভবপর হয়েছে। সৃষ্ট বাজারকে ধরে রাখার পাশাপাশি তার ব্যাপ্তি উত্তরোত্তর বৃদ্ধি ও সম্প্রসারণের জন্য এবং প্রতিকূলতাসমূহকে সুযোগে রূপান্তরের জন্য আমরা সদা সচেষ্ট ছিলাম এবং আছি।

সম্মানিত সদস্যবৃন্দ,

আপনারা অত্যন্ত অভিজ্ঞ ও এদেশের ব্যবসা-বাণিজ্য পরিস্থিতির বিষয়সমূহ সম্পর্কে সম্যক জ্ঞাত রয়েছেন। আপনারা অবগত আছেন যে প্রতিষ্ঠানের সুনাম তথা ভাবমূর্তি বাণিজ্য, লেনদেন ও ব্যবসায়িক কর্মকাণ্ডের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এদেশ এখন অনুন্নত দেশের তালিকা হতে স্বল্প উন্নত দেশের তালিকায় অন্তর্ভূক্ত হতে চলেছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, বিভিন্ন প্রস্তাবনা, বিকল্প সমূহ বিচার বিশ্লেষন এবং নতুন নতুন উদ্ভাবনীমুলক কর্মসূচীকে অত্র কোম্পানী এর নিজস্ব কর্মধারায় অন্তর্ভুক্ত করার মাধ্যমে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। যাতে আমাদের পন্যের ভোক্তা ও ব্যবহারকারীদেরকে বিশেষ যত্ন সেবা ও তাদের পছন্দকে অগ্রাধিকার দিয়ে তাদের সন্তুষ্টি অর্জন ও তা ধরে রাখা যায়। ব্যবসা- বাণিজ্যে প্রতিযোগীতার বিষয়কে আমরা যথেষ্ট গুরুত্ব দিয়ে থাকি এবং তীব্র প্রতিযোগীতামূলক অবস্থায় যোগ্যরাই শুধু টিকে থাকে ও সফল হয় এ বিষয়টি সম্পর্কে আমরা সম্যক অবগতও রয়েছি।

আমরা আমাদের দীর্ঘ পথ পরিক্রমায় প্রতিকূলতা, বাধা বিঘ্ন অতিক্রম করার মাধ্যমে অত্র কোম্পানীর প্রকৃত মালিক ও স্টেকহোল্ডারদের স্বার্থ-সংরক্ষণ ও সমুন্নত রাখার বিষয়কে সদা সতর্ক ও তৎপর ছিলাম। পণ্যের গুণগত মান সমুন্নত ও তার উন্নয়ণ ঘটানোর বিষয়কে আমরা সকল সময় অগ্রাধিকার দিয়ে থাকি। এ বিষয়ে আমরা অত্যন্ত আপোষহীন। কারণ গুণগত মানের কারণেই আমরা এ তীব্র প্রতিযোগীতার মধ্যেও টিকে থাকতে সক্ষম হচ্ছি। যার ধারা বজায় রাখতে আমরা অত্যন্ত সচেষ্ট রয়েছি।

আমাদের সার্বিক কর্মধারায় অত্র কোম্পানীর সকল সদস্যবৃন্দ, ভোক্তা, পৃষ্ঠপোষক, স্টেকহোল্ডারসহ সংশ্লিষ্ট সকলের সহানুভূতি, সাহায্য ও সহযোগীতা পেয়ে এসেছি। আগামীতেও তা অব্যহত থাকবে এ বিশ্বাস আমাদের রয়েছে। আমরা অত্যন্ত প্রত্যয়ী যে কোন প্রতিকূলতাই আমাদের অগ্রযাত্রার পথে বাধা হতে পাববে না যদি আমাদের প্রতি সকলের এ সহযোগীতা অব্যাহত থাকে এবং আমরা তাহলেই সফল হতে পারবো। পরিশেষে আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

পরিচালকমন্ডলীর পক্ষে

আহমেদ আকবর সোবহান
চেয়ারম্যান



GOVERNANCE REPORTS

Report of the Audit Committee

The Board of Directors has formed the Audit Committee required under the code of corporate governance of BSEC, with some specific assignments and by setting its Terms of Reference. The Committee is comprised of four members, appointed by the Board of the Company. The Committee includes two independent directors, one sponsor shareholder/director and the Company Secretary.

The Audit Committee of Meghna Cement Mills Ltd. being one of its prime Board Sub-committees, has been assigned by the Board to discharge its governance and compliance responsibilities.

Audit Committee

The role of the Audit Committee is to monitor the integrity of the financial statements of the Company, review of the same and when appropriate make its recommendations to the Board on matters including business risks, internal controls, compliance and audit. The Committee has to be satisfied by means of required information, proper and satisfactory internal control systems, identify and mitigate business risks and that the company's business is conducted in a proper and financially sound manner.

The Audit Committee of Meghna Cement Mills Ltd. has been constituted with the following persons as its members:

Sl. No.	Name of the Members of the Audit Committee	Designation
1.	Mr. Khawaja Ahmedur Rahman, Independent Director	Chairman
2.	Mr. Safwan Sobhan, Director	Member
3.	Mr. Zeaur Rahman, Independent Director	Member
4.	Mr. M. Naseemul Hye FCS, Company Secretary	Secretary

During the period under review the Independent Director of this Company- Mr. Khawaja Ahmedur Rahman performed as the Chairman of the Audit Committee and Mr. M. Naseemul Hye FCS, Company Secretary performed as the Secretary of the Audit Committee as per the Guidelines of the BSEC in this respect.

Meeting and attendance by the members

During the FY ended on 30 June 2018 the Audit Committee had sat in o6 nos. of meetings and the Proceedings of the meetings of the Audit Committee were reported regularly to the Board of Directors. The number of the Audit Committee meetings held and attendance of each members during the year 2017-2018 are mentioned below:

Sl. No.	Name of the Members	Designation	Nos. of meeting held	Nos. of meeting attendance
1.	Mr. Khawaja Ahmedur Rahman	Chairman	6	6
2.	Mr. Safwan Sobhan	Member	6	5
3.	Mr. Zeaur Rahman	Member	6	3
4.	Mr. M. Naseemul Hye FCS	Secretary	6	6

Qualifications of Members of the Audit Committee

The Members of the Audit Committee of Meghna Cement Mills Ltd. possess adequate knowledge on business management and all of them are financially literate as per the regulatory requirements and are also able to analyze and interpret, corporate laws, finance issues and the financial statements. The Audit Committee has to coordinate with the Internal and External Auditors of this Company as and when are required. The Committee has been empowered to examine the matters related to financial and internal control management and other affairs of the Company. The Audit Committee ensures that adequate internal cheek and balance system are in their places.

Roles and Responsibilities of the Audit Committee

The Audit Committee of this Company has been playing an effective role in providing a bridge between the Board, Members and other Stakeholders. The roles and responsibilities of the Audit Committee are clearly mentioned in the Terms of Reference of the Audit Committee. The Audit Committee in fulfilment of its responsibility hold periodic meetings, at least once in a quarter and provide appropriate decision to the management. The Committee meetings usually considered operational performance, financial results, capital expenditures, products lines, procurement, raw materials, plant and machinery, training and promotion of employees. The Audit Committee during the period under review had found that the overall internal control and management process of the company was satisfactory.

During the financial year ended on 30 June 2018 the Audit Committee of the company accomplished the following:

- Monitored and reviewed of the quarterly, half-yearly and periodic financial statements, other financial results of the company and on the basis of its review and recommendation the Board of Directors considered those and given its approval.
- Reviewed and recommended various issues pertaining the quarterly and annual financial statements;
- Submitted Reports to the Board of Directors on internal control issues and deviations on the basis of internal audit reports;
- Reviewed and monitored compliance issues with laws, rules, regulations, code of conducts etc. with a view to safeguard the interest of all stakeholders of this Company;
- Reviewed the performance of the external auditors of the Company and assessed their independence;
- Reviewed the statements of significant related party transactions submitted by the management from time to time;
- Overseen other issues within the terms of the code of conduct of the Audit Committee;
- Recommended to the Board of Directors to consider the appointment of the statutory auditors of the Company for the next FY 2018- 2019 in place of the existing auditors considering the proposal of the stakeholders.

Activities of the Audit Committee during the period ended on 30 June 2018

During the period ended on 30 June 2018, the Audit Committee had discharged the responsibilities as mentioned below:

Financial Reporting

Reviewed, among other issues, the quarterly, half yearly and the annual financial statements of the company. It recommended to the Board of Directors for adoption and circulation those to the regulatory authorities as per the directives in this respect.

Internal Control

Reviewed the effectiveness of internal control, also reviewed the audit objections and observations raised by the Internal Audit Department and action plans of the Internal Audit Department. It monitored and ensured that the system of internal control was in place, effectively administered. It recommended to the Board of Directors for taking steps needed to improve the system of internal control derived from the findings of the internal and external auditors and from the understanding and by consultations of the audit committee members. In view of all, the Audit Committee is of the opinion that the internal control procedures are adequate to present a true and fair view of the activities and financial status of the Company.

Audit Committee Reports

The Audit Committee has prepared the annual audit committee report and submitting it to the Board which includes the composition of the Audit Committee, its terms of reference, number of meetings held, summary of its activities during the Financial Year 2017-2018 and the existence of the internal audit services and summary of the activities for its inclusion in the audit report.

Internal Audit

During the period under review the Audit Committee had also overseen and reviewed the procedure and tasks of the internal audit department. The Committee has been satisfied that the Internal Audit Team has the competency and qualifications to complete its mandates and accomplish according to the approved audit plans. It observed that the Internal Audit has full, free and unrestricted access to all activities, records, property and other issues necessary to perform its responsibilities. The Audit Committee also got the co-operation of the Internal Audit Team in carrying out its duties and responsibilities during the FY 2017-2018.

External Audit

The committee has forwarded the draft financial statements (which were placed to it by the management earlier) to the external auditors after its review. The Board has to approve the audited financial statements and to place before the members of the Company for their discussion and consideration in the forthcoming 26th Annual General Meeting. It also reviewed the matters concerning the appointment and re-appointment, audit fee of the external auditors.

Related Party Transaction

During the year the company had carried out considerable numbers of transactions in carrying out its operation and also with the related parties in its normal courses of business. The names of the related parties, the nature of the related party relationships as well as information about the transactions, the amount of the transactions and the amount of outstanding balances at the financial year ending have been monitored, disclosed and set out in the financial statements in accordance with the provisions of BAS-24 "Related Party Disclosures".

Khawaja Ahmedur Rahman
Chairman, Audit Committee &
Independent Director

M. Naseemul Hye FCS
Member Secretary, Audit Committee &
Company Secretary

Report of the Nomination and Remuneration Committee

In accordance with the directives of the Bangladesh Securities and Exchange Commission through its Corporate Governance Code under notification no. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03/06/2018 the Nomination and Remuneration Committee (NRC) of Meghna Cement Mills Ltd. was constituted. And four members were appointed by the Board of Directors of the Companyto adherethe directives as follows:

Sl. No.	Name of the Members	Position in Company	Position in the Committee
1.	Mr. Khawaja Ahmedur Rahman	Independent Director	Chairman
2.	Mr. Safwan Sobhan	Director	Member
3.	Mr. Zeaur Rahman	Independent Director	Member
4.	Mr. M. NaseemulHye FCS	Company Secretary	Secretary

During the period under review the Independent Director of this Company- Mr. Khawaja Ahmedur Rahman discharged the duties of the Chairman of the NRC and Mr. M. Naseemul Hye FCS, Company Secretary performed as the Secretary of the NRC as per the BSEC Corporate Governance Code.

Qualifications of the committee Members

The NRC members possess adequate knowledge on business management and corporate governance issues, financially literate able to analyze, understand and interpret corporate laws, finance and financial statements and have business acumen.

Roles and Responsibilities

The roles and responsibilities of the NRC have been clearly mentioned in the Terms of Reference of the Committee as approved by the Board of Directors of Meghna Cement Mills Ltd.

The Committee discharged its responsibility by holding a meeting in the FY-2017-2018 and provide-drequired advises and suggestions to the Board of Directors management to execute those duly.

In the meeting the committee itconsidered and assisted the Board in formulation of the nomination criteria and determining of the qualifications of the prospective candidates attributes, experiences etc. of the directors and top level executives and the remunerations of directors, top level executive of the company as well as.

Succession planning

The Committee reviewed the drafted succession plan designed for the executive and non-executive appointments to the Board, taking into account the objectives of the Company and the rotation of directors. In this process the Committee also considered the business the skills, commitment and knowledge as to be required for operation of this Company.

Appointment/ Rotation of Non-Executive Director(s)

During the year under reviewthe Committee has evaluated for recommendation of 02 (two) non-executive directors- i. Mr. Sadat Sobhan and ii. Shafiat Sobhan who were to resign by rotation and eligible for their re-elections/appointments as per the provisions of the Article of Association of the Company.

Meeting Attendance by the Members

The Committee held 01 (one) no. of meeting during the period ended on 30 June 2018. The Committee has placed its report to the Board of Directors in due course.

The attendance status of the NRC Committee Meeting is appended below:

Sl. No.	Name of the Members	No. of Meeting Held	Attendance in the Meeting
1.	Mr. Khawaja Ahmedur Rahman	01	01
2.	Mr. Safwan Sobhan	01	01
3.	Mr. Zeaur Rahman	01	-
4.	Mr. M, Naseemul Hye FCS	01	01

During the FY 2017-2018 the NRC accomplished the following:

